INDEX

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE CONSTITUTION OF INDIA

The Assembly met in the Assembly House, (Ujjyanta Palace) Agartala, on Tuesday, the 18th March, 1975 at 12-30 P M

PRESENT

Shri Manindra Lal Bhowmik Speaker in the Chair, the Cheif Minister, 4 Ministers, the Deputy Speaker and 3 Deputy Ministers and 40 Members

শ্রীজিতেন্দ্র লাল দাস —মাননীয় স্পীকার স্যার, আমরা জানতে পারলাম সি, পি, এম, এম এল, দের নাকি অ্যারেষ্ট করা হয়েছে। ব্যাপারটা বুঝতে পারলাম না।

মিঃ স্পীকার :— আমার কাছে কোন ইনফরমেশান নাই।

শ্রীবুলু কুকী — আপনাকে ইনফরমেশান না দিয়ে কিভাবে তাদের এ্যারেষ্ট করা হয়?

মিঃ স্পীকার — আমি জানি না।

শ্রীবুলু কুকী :— সমর চৌধুরী এবং অনিল সরকার এবং আরও কয়েকজনকে অ্যারেষ্ট করা হয়েছে।

মিঃ স্পীকার :— ইনফরমেশান আসেনি।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী — মাননীয় স্পীকার, স্যার, আমাদের এম, এল, এ-রা যখন বিধানসভার গেটে পৌছেছে তখন তাদের পুলিশ বাধা দিয়েছে এবং তারা বলেছে যে আমরা এম, এল, এ, তা বলা সত্বেও পুলিশ তাদের ঢুকতে দেয় নি। আমি অনুরোধ করব আপনি হাউসে তথ্য দেবেন যে কি ভিত্তিতে তাদের কাজ করতে বাধা দেওয়া হয়েছে। এটা যতক্ষণ পর্য্যন্ত নিষ্পত্তি না হচ্ছে ততক্ষণ পর্য্যন্ত হাউস চলতে পারে না এবং আমরা নিজেরাও নিরাপদ বোধ করছি না এবং আপনার কাছে অনুরোধ যে আপনি ব্যবস্থা করুন যাতে আমরা এখানে থাকতে পারি এবং অন্যান্য এম, এল, এ,দেরও এখানে আনা হোক। উনারা যদি মনে করে থাকেন যে একেবারে ফ্যাসিষ্ট কায়দায়, যদি মনে করে থাকেন যে সি, আর, পি, দিয়ে রাজত্ব করবেন তাহলে সেটা ওরা বলুন। আর যদি তা না চান তাহলে কি করতে চান সেটাও বলুন। যতক্ষণ এটা না বলছেন ততক্ষণ এই হাউসের কাজ আমরা চলতে দিতে পারি না।

মিঃ স্পীকার — মাননীয় সদস্য আপনার বক্তব্য আমি শুনলাম। আমি এই বিষয়ে পরে আপনাকে জানাব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— স্যার, আগে হাউস অ্যাডজোর্ণ করুন, তারপর আপনি অনুসন্ধান করুন।

মিঃ স্পীকার :— এটা কোয়েশ্চান আওয়ার। এর পরে আমি জানাব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— স্যার, তাদের নামে কোয়েশ্চান রয়েছে। আপনি নিজেও জানেন। কাজেই তাদের রাইট আছে তাদের পার্টিসিপেট করার।

শ্রীসুখময় সেনগুপ্ত :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, অ্যাসেম্বলী সেখানে যে কাজ আছে সেই কাজ—

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— স্যার, ওর কাছে আমি কোন বক্তব্য রাখছিনা। ওর কাছে গণতন্ত্রের কোন দাম নেই, ওর কাছে বিধানসভার কোন দাম নেই। ওর কাছে দাম হচ্ছে সি, আর, পি-এর ডাণ্ডা। স্যার, ওর কোন কথা আমরা শুনতে রাজী নই। বিধানসভা তাদের জন্য নয়।

(মুখ্যমন্ত্রী কিছু বলার চেষ্টা করলেন কিন্তু নৃপেন্দ্রবাবু বাধা দিলেন)

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী — মাননীয় স্পীকার, স্যার, এটা বিধানসভা, মাননীয় মুখ্যমন্ত্রী এটা জেনে রাখুন, এটা বিধানসভা। এখানে সি, আর, পি, দিয়ে চালানো যায় না।

শ্রীসুনীল চন্দ্র দত্ত — মাননীয় স্পীকার, স্যার, বিরোধী দলের নেতার যে বক্তব্য, তাঁর বক্তব্য রাখার যে অধিকার আছে অন্যান্য মেম্বারেরও সেই বক্তব্য রাখার অধিকার আছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— স্যার, উনি হচ্ছেন আসামী।

মি স্পীকার — আমি বলেছি যে প্রত্যেকটি মেম্বারের যে অধিকার তা রক্ষা করুন এবং বিধানসভা—

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— স্যার, আপনি লীডার অব দি হাউসের সংগে আলাপ করুন। কারণ উনি যে অপকর্ম করে এসেছেন বাইরে—

মিঃ স্পীকার ঃ— কোয়েশ্চান আওয়ারের পরে এটা করব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— কোয়েশ্চান আওয়ারের আগেই করতে হবে।

মিঃ স্পীকার ঃ— প্লীজ টেক ইওর সীট।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী — আমার পক্ষে বসা সম্ভব হচ্ছে না।

মিঃ স্পীকার :— কোয়েশ্চান আওয়ার শেষ করে আমি এই বিষয়ে অনুসন্ধান করব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— স্যার, আমি অ্যাডজোর্ণমেন্ট মোশন দিয়েছি।

মিঃ স্পীকার :— আমি আপনার কোন অ্যাডজোর্ণমেন্ট মোশন পাইনি।

শ্রীচন্দ্রশেখর দত্ত :— স্যার, বিজনেস অ্যাডভাইসরি কমিটির মতে আমাদের কোয়েশ্চান আওয়ার চালাতে হবে।

মিঃ স্পীকার :— আপনার অ্যাডজোর্ণমেন্ট মোশন পেয়েছেন আমার সেক্রেটারী। এটা কোয়েশ্চান আওয়ারের পরে আমি বিবেচনা করব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী — কোন বিজনেস চলবার আগেই অ্যাডজোর্ণমেন্ট মোশন নিতে হবে।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :— নো, নো। লোকসভায় সেটা হয় না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— আপনি জানেন? আপনি লোকসভার মেম্বার? আপনি জানেন কোয়েশ্চান আওয়ার সাসপেনডেড হয় লোকসভায়? আমি জানি।

মিঃ স্পীকার :— আমি শুনিনি কখনও, কোয়েশ্চান আওয়ার করছে ম্যানডেটরী। এটা আগে হবে। তারপর—

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ,— স্যার, এটা হতে পারে না।

Mr Speaker :— To-day in the list of Business are the following questions to be answered by the Ministers concerned Starred Question Shri Chandra Sekhar Dutta

Shri Chandra Sekhar Dutta — Question No 80

Shri Khitish Ch Das (Minister) — Mr Speaker, Sir Question No 80

QUESTION	ANSWER
1) Is there any programme for opening Stockman Centre in Bircbandra Manu Bazar area under Bagafa Block in Belonia Sub-division during the financial year 1975-76 ? and	1) Not yet finalised
2) If so when the Stockman Centre is expected to start functioning ?	2) Does not arise

(The Pendamonium began and the chairs etc were thrown on the floor of the House)

Mr Speaker — The meeting stands adjourned till 1-40 P M , to-day

(Subsequently the meeting was adjourned till 3-00 P M by a Bulletin)

(The House met again at 3 P M)

শ্রীসুধন্ব দেববর্মা :—মাননীয় স্পীকার স্যার, আমি জানতে চেয়েছিলাম যে আমাদের ক'জন মাননীয় সদস্যকে এসেম্বলীর প্রিমিসেসের ভিতর থেকে গ্রেফতার করা হয়েছে এবং সেটা আপনার আদেশ নিয়ে করা হয়েছিল কি না ?

INTIMATION REGARDING ARREST OF M L As

Mr Speaker —Hon'ble Members, I have received communications from the D M , West Tripura, to-day, the 18th March, 1975 regarding arrest of 5 M L As viz Sarbasri Bijuban Riyan, Abhiram Deb Barma, Samar Choudhury, Anil Sarkar and Bidya Chandra Deb Barma Now I am reading the communications.

(1) Dear Shri Speaker

I have the honour to inform you that I have found it my duty, in the exercise of my powers under section 3 (2) read with 3 (1) (a) (ii), Maintenance of Internal Security Act, to direct Shri Bajuban Riyan, Member of the Legislative Assembly, be arrested/detention, as the case may be

Shri Bajuban Riyan, M L A was accordingly arrested and taken into custody at 11-15 hrs (time) on 18th March, 1975 (date) and is at present lodged in the Central Jail, Agartala (place)

Yours faithfully
Sd/-A Sinha
District Magistrate
West Tripura,
Agartala

(2) Dear Shri Speaker

I have the honour to inform you that I have found it my duty, in the exercise of my powers under section 3 (2) read with 3 (1) (a) (ii) Maintenance of Internal Security Act to direct Shri Abhiram Deb Barma, Member of the Legislative Assembly, be arrested/detention, as the case may be

Shri Abhiram Deb Barma, M L A was accordingly arrested and taken into custody at 11 15 hrs (time) on 18th March, 1975 (date) and is at present lodged in the Central Jail, Agartala, (place)

Yours faithfully,
Sd/-A Sinha
District Magistrate
West Tripura,
Agartala

(3) Dear Shri Speaker

I have the honour to in form you that I have found it my duty, in the exercise of my powers under section 3 (2) read with 3 (1) (a) (ii), Maintenance of Internal Security Act, to direct Shri Samar Choudhury, Member of the Legislative Assembly, be arrested/detention, as the case may be

Shri Samar Choudhury, M L A was accordingly arrested and taken into custody at 11 30 hrs (time) on 18th March, 1975 (date) and is at present lodged in the Central Jail, Agartala, (place)

Yours faithfully
Sd/-A. Sinha
District Magistrate
West Tripura,
Agartala

(4) Dear Shri Speaker,

I have the honour to inform you th at I have found it my duty in the exercise of my powers under 3 (2) read with 3 (1) (a) (ii) Maintenanec of Internal Security Act, to direct Shri Anil Sarker, Mamber of the Legislative Assembly, be arrested/detention as the case may be

Shri Anil Sarkar, M L A was accordingly arrested and taken into custody at 11 30 hrs (time) on 18th March, 1975 (date) and at present Lodged in the Central Jail, Agartala, (place)

Yours faithfully
Sd/-A Sinha
District Magistrate
West Tripura,
Agartala

(5) **Dear Shri Speaker**

I have the honour to inform you that I have found it my duty in the exercise of my powers under Section 3 (2) read with 3 (1) (a) (ii) Maintenance of Internal Security Act, to direct Shri Bidya Deb Barma, Mebmer of the Legislative Assembly, be arrested/Detention, as the case may be

Shri Bidya Deb Barma, M L A was accordingly arrested and taken into custody at 11 15 hrs (time) on 18th March, 1975 (date) and is at present lodged in the Central Jail Agartala (place)

Yours faithfully,
Sd/-A Sinha
District Magistrate
West Tripura,
Agartala

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী —মাননীয় স্পীকার স্যার, আমি খবর নিয়ে জানলাম যে তাদের গ্রেপ্তার করা হয়েছে আমাদের এসেম্বলীর এলাকার ভিতর, সেক্রেটারীয়েটের যে রিসিপসনিষ্ট অফিস আছে সেই অফিসের মধ্যে তাদের গ্রেপ্তার করা হয়েছে। এবং সেখান থেকে একটার সময় তাদের নিয়ে যাওয়া হয়েছে। আমি জানতে চাই যে মাননীয় স্পীকার আমাদের এসেম্বলীর ভিতর এইভাবে এম এল, এ,দের গ্রেপ্তার করার জন্য আপনি অনুমতি দিয়েছেন কি না?

মি: স্পীকার —মাননীয় সদস্য এর সম্পর্কে আপনাদের চিঠি আমি পেয়েছি, আমি এই বিষয়ে ইনকোয়ারী করে দেখব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :—স্যার, আমি এটা জিজ্ঞাস করি নাই—আপনি কোন পারমিশান দিয়েছেন কি না? পুলিশ অফিসাররা রিসিপসনিষ্ট-এর অফিসের মধ্যে ঢুকে তাদের গ্রেপ্তার করেছেন এবং সেখান থেকে এম, এল, এ, দের নিয়ে যাওয়া হয় এর কোন অনুমতি আপনি দিয়েছেন কি না?

মি: স্পীকার —না আমি কোন অনুমতি দেই নাই।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী —স্যার, আমাদের যে প্রিভিলেজ মোশান আছে সেটা আমরা জানতে চাই এবং এর ব্যাপারে আমি এখন ডিশকাশান করতে চাই এবং সেটা আপনি গ্রহণ করলেন কি না সেটা আমি জানতে চাই।

মি: স্পীকার —আই হ্যাভ রিসিভড ইউর কলিং এটেনশান মোশান (ইন্টারাপশান)

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :—স্যার, আপনি হাউস এডজোর্ণ করুন, আপনি খবর নিন কি করে তারা এসেম্বলীতে ঢুকল এবং কি করে সেখান থেকে এম, এল, এ,দের গ্রেপ্তার করল আর যেখানে আপনি অনুমতি দেননি সেখানে এই জবরদস্তি করে রিসিপসনিষ্ট অফিসের মধ্যে এম, এল, এ,দের গ্রেপ্তার করল কি করে সেটা না জানা পর্য্যন্ত এসেম্বলী চলতে পারে না আপনি ৫/১০ মিনিটের জন্য এডজোর্ণ করে জানুন তারপর আমাদের প্রিভিলেজ মোশান এই হাউসের মধ্যেই আলোচনা চলতে পারে।

শ্রীকালীপদ ব্যানার্জী :—স্যার, যেহেতু বিরোধী দলের নেতা প্রিভিলেজ মোশান এনেছেন, বলা হয়েছে যে এসেম্বলী রিসিপসনিষ্টের অফিসের ভিতরে গিয়ে এম, এল, এ,দের গ্রেপ্তার করা হয়েছে এবং এটা আপনার অনুমতি ছাড়াই হয়েছে তাহলে এটা প্রিভিলেজ কমিটিতে রেফার করা উচিত ফর ইনভেষ্টিগেশান।

মিঃ স্পীকার :—মাননীয় সদস্য, আমাদের মাননীয় সদস্যরা এসেম্বলীর ভিতর এরেষ্ট হয়েছে (ইন্টারাপশান) তবে আমি হাউসকে এস্যুর করছি যে আমি এই বিষয়ে তদন্ত করে দেখব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী —এটা কি কথা স্যার, রিসিপনিষ্ট অফিস—এখান থেকে একটা ফোন করে আপনি জানতে পারেন করা হয়েছে কি না। এটা আমি বুঝতে পারছি না তার জন্য আপনি কি করে সময় নিতে পারেন। এর মধ্যে কোন প্রশ্ন নাই, আপনার রিসিপনিষ্ট অফিস (ইন্টারাপশান)

শ্রী কালীপদ ব্যানার্জী —আমরা যদি এটা প্রিভিলেজ কমিটিতে পাঠাই তাহলে তারা এটা এক্জামিন করে রিপোর্ট করবে। যদি সত্য হয় তাহলেও রিপোর্ট করবে আর যদি মিথ্যা হয় তাহলেও তারা রিপোর্ট করবে। এই জন্য যে মোশান এসেছে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিধান সভার ভিতরে এম, এল, এ,দের গ্রেপ্তার করা হয় আপনার অনুমতি ছাড়া এটা প্রিভিলেজ কমিটিতে রেফার করা উচিত ফর ইনভেষ্টিগেশান।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার :—স্যার, এটা আপনি পাঠিয়ে দিতে পারেন—প্রিভিলেজ কমিটিতে পরীক্ষার জন্য পাঠিয়ে দিতে পারেন।

শ্রীঅশোক কুমার ভট্টাচার্য্য :—স্যার, প্রিভিলেজ কমিটি ইজ দেয়ার। এটা প্রিভিলেজ কমিটিতে পাঠাতে পারেন। এটা অত্যন্ত অন্যায় যে ইন দি প্রিমিসেস অব দি হাউস তাদের এরেষ্ট করা হয়েছে।

Mr. Speaker :—I accept the proposal of the Hon'ble Members and I would refer the case to the Previlege Committee,

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— মাননীয় স্পীকার স্যার, কালকে এখানে অনারেবল চাফ মিনিষ্টার কর্মচারী ষ্ট্রাইকের উপর একটা বিবৃতি দিয়েছেন এবং আমি ডিমাণ্ড করেছিলাম যে তার উপর আলোচনার সুযোগ দেওয়া হউক এবং আপনি বলেছিলেন যে এই সম্পর্কে আলোচনার সুযোগ দেবেন। এটা আমি জানতে চাইছি যে কোন সময় সেই আলোচনা হচ্ছে ?

মিঃ স্পীকার :—শেষ দিকে—

SPEAKER'S RULLING IN RESPECT OF LAYING OF PAPERS

Mr Speaker— Yesterday during buestion hour Shri S C Shome, Dy Minister Education made a reference to a Communication of the Govt to the ONGC authority regarding employment of local boys in the Commission in reply to a supplementary question and Shri Nripendra Chakraborty wanted to have the cited reference to be laid on the table of the House He inter-alia made reference to rule 368 of the Rules of Proeedure and Conduct of Business in the Lok Sabha on the strength of which he insisted on the quoted

reference being laid on the table of the House We have our own rules of business in this House Under rule 340 under caption laying of papers, documents on the table of the House which requires to be laid with the order or permission of the Chair but no rule to the effect that papers quoted by any Minister in course of debate or reply to question require to be laid on the table exist in our Rules. Besides under 2nd proviso of the Lok Sabha rules regarding which Shri Nripendra Chakraborty made reference to it has been stated that where the Minister gives in his own word a summary of gist of such despatch or state paper it shall not be necessary to lay the relevant papers on the table Shri S C, Shome in reply to the question of course made reference to the above communication to the ONGC authority and gist of that despath that Government had made request to the authority concerned to give priority in matters of employment to the local boys was also mentioned by him As such it is not necessary to lay the communication on the table of the House' '

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী —স্যার, এই রুলিং সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে মিঃ সোম, অনারেবল মিনিষ্টার—সেই লেটার কবে লেখা হয়েছে, তার কন্টেন্‌স কি তার কিছুই বলেননি। কাজেই আপনি যে প্রভিশানের কথা দেখাচ্ছেন আমি ডিমাণ্ড করব সেই প্রভিশান অনুসারে তিনি একটা ষ্টেটমেন্ট করুন। তিনি যে কামউনিকেশান করেছেন সেটা তিনি এনে উপস্থিত করুন এবং কন্টেনস অব দি লেটার কি সেটা কোন তারিখে লেখা হয়েছে তার মুল বক্তব্য কি সেটা তিনি উপস্থিত করুন সেই কথাই আমি বলছি।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য, এটা একই কথা।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— স্যার, উনি বলেন নি। এইটা তার বক্তব্যের মধ্যে বলেন নি যে অমুক তারিখ, এই করেসপণ্ডেসের মধ্যে এই কথা আমাদের সরকারের তরফ থেকে বলা হয়েছে। এই ডিটেইলসটা তিনি যদি দেন আমি সেটিসফাইড থাকবো। আর ডিটেইলস যদি না দেন তাহলে ধরে নেওয়া হবে যে চিঠি দেওয়া হয় নি, হাউসকে মিসলীড করা হচ্ছে। কাজেই কনটেন্টস অব দি লেটার সেইটা আমাদের হাউসের জানার অধিকার আছে কি না সেইটা আমি জানতে চাই। কারণ পার্লিয়ামেন্টারী রোলসে আছে, লোকসভার রোলসে আপনি নিজেও স্বীকার করেছেন যে লোকসভার রোলসে আছে। আমাদের রোলসে এই কথা বলে নাই যে লোকসভা রোলস আমরা মানি না, উইদিন দি ফ্রেম ওয়ার্কস অব দি লোকসভা আমরা রোলস করেছি। কাজেই লোকসভা রোলসে এইটা পার্লিয়ামেন্টারী প্র্যাকটিকস সারা ভারত বর্ষের মধ্যে যে লোকসভার রোলস তারা মানে, আপনি যদি রোলিং দেন যে আমরা লোকসভা রোলস মানি না তাহলে এইটা আলাদা কথা। যদি এই কথা হয় যে না যেখানে লোকসভা

প্রভিশন আমাদের এখানে নেই সেখানে আমরা লোকসভা রোলস মানি না, এই যদি আপনার রোলিংস হয় তাহলে আমার কোন বক্তব্য নাই। আমি জানতে চাইছি যে লোকসভা রোলস এইটা আছে যেমন করে আমি একটা জিনিস ডিমাণ্ড করেছি যে এই করেসপণ্ডেসটা, পাবলিকেশনটা হাউসে রাখা হোক। লোকসভা রোলসে এও কথাও আছে যে দুটো কারণে তিনি না রাখতে পারেন। একটা হচ্ছে সিকিউরিটি রিজনস্ আরেকটা হচ্ছে কনটেণ্টস্ অব দি লেটার। আমি তো সেকেণ্ডটা ডিমাণ্ড করছি। আমি তো বলছি না যে করেসপণ্ডেসটা দেখান, সেকেণ্ডটা যেটা কনটেণ্টস্ অব দি লেটার। অমুক তারিখের চিঠিতে এই কথা লিখা হয়েছে, এইটুকু তিনি জানাবেন ইন কনফর্মিটি উইদ ইওর রোলিংস।

মিঃ স্পীকার :— তিনি তো বলেছেন—

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— তিনি কিছুই বলেন নাই। তিনি শুধু বলেছেন যে একটা চিঠি লিখা হয়েছে। আমি জিজ্ঞাসা করেছিলাম কোন কমুনিকেশন করা হয়েছে কি না। তখন তিনি বলেছিলেন যে হঁ্যা, কমুনিকেশন করা হয়েছে। তারপর তিনি কোন কথাই বলেন নি। এবং সংগে সংগে আমি বলেছি যে কমুনিকেশনটা এখানে প্ল্যাস্ করা হোক। আপনি তো অনারেবাল মিনিষ্টারকে এই কথাটা বলতে পারেন যে আপনি চিঠিটার কনটেণ্টস্টা বলুন। আপনি লোকসভার কিছু মানবেন না, মিনিষ্টার মানবেন না তাহলে আমরা এখানে কি করতে এসেছি ?

মিঃ স্পীকার :— লোকসভার প্র্যাকটিস তো আমরা সব সময়ই মেনে থাকি।

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত — স্যার, আপনি তাহলে প্রসিডিংসটা দেখুন। অ্যা কচুয়েল প্রসিডিংসটাতে কি আছে। আপনি বলেছেন যে তিনি বলেছেন কি বলেছেন কতটুকু বলেছেন যা বলেছেন সেইটাতে কাভার করে কি না ? প্রসিডিংসটা দেখে আপনি ব্যাপারটা অ্যাকজামিন করেন।

মিঃ স্পীকার — দিস ইজ অলরাইট। প্রসিডিংস দেখা হলে আমি বলবো।

Mr Speaker — I have received a question of breach of Privilege raised by Shri B B Riyan against Shri D K Choudhury, Finance Minister. The member contended that Shri D K Choudhury, Finance Minister, in his Budget Speech for 1975-76 mentioned that the Report of the Pay Commission has been released but neither the Members nor the Press and Public have come across any such report uptil now This has been taken by the said member as wilfully misleading the House by giving wrong information by the Minister concerned and this he has committed serious breach of privilege of the House and its members But the copy of the Report as revealed from the speech of the Chief Minister, in course of his statement before the House has been sent to all Associations, organisations etc, for their comments and this might have been expressed by the Minister concerned as being released,

Besides, before Government decide to take any action on the report of the Pay Commission after receipt of the views of the Associations, Organisations and other interested persons, such report may not be required to place before the Legislature or release to the Press, Therefore, the question of misleading the House its members as contended by Shri Bajuban Riyan may not arise and I fined no prima facie on the alleged question of breach of privilege I therefore not inclined to give my consent to raise the question of breach of privilege

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— স্যার, রিলিজ কথাটার অর্থটা কি ? আমি বুঝলাম না। রিলিজ হলে তো গেজেটে বেরুবে। আমি এসেম্বলির সেক্রেটারীর কাছে গিয়ে বলেছিলাম যে একটা কপি দেওয়ার জন্য। তিনি বললেন যে এইটা তো এখনও রিলিজ হয় নি। তারপরে রিলিজ কথাটার অর্থটা কি ?

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য এইটা তো পত্র পত্রিকায় বেড়িয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ— পত্রিকা কি অথরিটি ? চীফ মিনিষ্টার কি বলতে পারবেন যে উনি পত্রিকায় দিয়েছেন ? প্রেসে দিয়েছেন ?

শ্রী সুখময় সেনগুপ্ত — মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিরোধী দলের নেতা তিনি কালকেও বলেছেন যে এইটা পত্রিকায় বেড়িয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী — স্যার, কাগজে পত্রিকায় পড়ে তারপর তার উপর আমাদের বক্তৃতা করতে হয় দ্যাট ডাজ নট মিন যে ওটা রিলিজ করা হয়েছে। বহু জিনিস পত্রপত্রিকায় বেড়ুয়, পত্রিকা অনেক কিছুই লিক আউট করে।

শ্রীজিতেন্দ্র লাল দাস ,— মাননীয় স্পীকার স্যার পে-কমিশনের রিপোর্টটা সাধারণ-ভাবে আমাদের তো পাওয়া দরকার। কাজেই এইটা যদি রিলিজ হয়ে থাকে আমরা অনেক খোঁজ করেছি কিন্তু সেইটা পাই নাই।

মিঃ স্পীকার — দিস ইজ এ সেপারেট ইস্যু।

শ্রীকালীপদ ব্যানার্জী : — মাননীয় স্পীকার স্যার, অর্থমন্ত্রী তার ভাষণে বলেছেন যে এইটা বেরিয়েছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে কেন মেম্বাররা এখনও পায় নাই। কেন এইটা প্রেস বা গেজেটে দেওয়া হলো না ? কেন কর্মচারীদেরকে জানানো হলো না যে কর্মচারীদের জন্য এই পে-কমিশন তৈরী হয়েছে ? কাজেই দুই এক দিনের মধ্যে এইটা আমরা পাব কিনা সেইটা আমরা জানতে চাই।

মিঃ স্পীকার — আই রিকুয়েস্ট দি অনারেবাল চীফ মিনিষ্টার টু ফার্নিস কপিজ অব দি রিপোর্ট টু দি অনারেবাল মেম্বারস।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— স্যার আপনি কেন দেন নি ? আপনি তো নিজের উপরে নিচ্ছেন দায়িত্বটা। আই আসকড দি সেক্রেটারী টু গেট হেলপ অব দি অনারেবাল স্পীকার টু গেট কপি অব ইট। কিন্তু আজ পর্য্যন্ত আমরা পাই নি। তারপর আপনি বলেছেন যে রিলিজ হয়েছে, এম, এল, এ-দের কাছে পাঠানো হবে। যেখানে আমার সেক্রেটারীকে দিয়ে আমি একটা কপি পাই নাই, সেখানে এইটা রিলিজড ফর দি পাবলিক ?

মিঃ স্পীকার :— আমি মাননীয় চীফ মিনিষ্টারকে অনুরোধ করছি এই ব্যবস্থা করতে যাতে মাননীয় সদস্যরা শীঘ্রই এক কপি করে পান।

শ্রীসুখময় সেনগুপ্ত :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রী যে কথাটা বলতে চেয়েছেন সেই কথাটা হলো যে বিভিন্ন এসোসিয়েশনে, অর্গেনাইজেশনে এইটা পাঠানো হয়েছে তাদের অপিনিয়ন জানানোর জন্য, সেইটাকে তিনি মনে করেছেন যে এইটা রিলিজ হয়েছে। কাজেই যে কোন মেম্বার এইটা পেতে পারেন তাতে কোন আপত্তি নাই।

TAKING OF THE PLEASURE OF THE HOUSE IN RESPECT OF THE LEAVE GRANTED TO SHRI ASHOKE KUMAR BHATTACHARJEE

Mr. Speaker — Hon'ble Members, The Committee on Absence of Membeis from the sitting of the House in its 10th Report presented to the House on 17 3 75 has recommended that leave of absence be granted in respect of Shri Ashoke Kumar Bhattacharjee for a period of 8 (eight) days with effect from 4-10-74 to 11-10-74 The member is being informed accordingly Next Business before the House is discussion on voting on demands—

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— স্যার, এটার আগে আমি জানতে চাইছি অনারেবল চীফ মিনিষ্টার যে ষ্টেটমেণ্ট করেছেন সেই ষ্টেটমেন্টের উপর আলোচনাটা আগে হোক।

Mr Speaker '— I have not given consent to the notice of Sri Chakraborty

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— স্যার, এটা কি করে হয়? একটা অপোজিশান পার্টির বক্তব্য একটা সেকশান না হাউসের?

মিঃ স্পীকার :— আপনারা ঢের সুযোগ পেয়েছেন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— শুধু সি, আর, পি সম্পর্কে আলোচনা করার পরিপ্রেক্ষিতে, এবং কর্মচারীদের কিছু বেতন বৃদ্ধির পরিপ্রেক্ষিতে এই আলোচনাটা করা হয়েছে। কাজেই সেই বক্তব্য রাখার স্কোপ নাই। সাপ্লিমেন্টারী বাজেটের মধ্যে তার কোন স্কোপ নাই। আমি ডিমাণ্ড করছি এটা আলোচনার আগে হবে এবং এই আলোচনার সুযোগটা দিতে হবে।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য, এই বিষয়ে কালকে যথেষ্ট আলোচনা হয়েছে। তারপর আর আলোচনার প্রয়োজন আছে বলে মনে করি না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী :— উনি হাউসকে মিসলীড করেছেন। উনি বলেছেন যে টাকা ফেরত যাবে না। আর আজকে আমরা সকালের ষ্টেটমেন্টে দেখছি কি, কিভাবে টাকা ফেরত যাচ্ছে, বেকার যুবকদের সম্বন্ধে তিনি যা বলেছেন তাতে তাদের উস্কিয়ে দেওয়ার চেষ্টা করেছেন। কর্মচারীদের বিরুদ্ধে যে কর্মচারীরা বেকার যুবকদের সম্পর্কে কিছু চিন্তা করছে না। অথচ আমরা দেখছি যে ডিপ টমেন্টে পোষ্ট খালি থাকে। উনি বেকারদের সেখানে নিয়ে বসান না। এই সমস্ত বক্তব্য তিনি রেখেছেন এবং মিসলীড করেছেন, সমস্ত রাজ্যের জনসাধারণকে মিসলীড করেছেন এবং কর্মচারীরা আজকে যে সংগ্রাম করছে, সেই সংগ্রামকে আক্রমণ করার জন্য যে সমস্ত উস্কানীমূলক বক্তব্য তিনি রেখেছেন, তার আলোচনা আমরা চাই। কাজেই সেই আলোচনা করতে হবে এবং তারপর এই হাউসের কাজ চলবে। এই হচ্ছে অনুরোধ আপনার কাছে।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য এই বিষয়ে আমার রুলিং আমি দিয়েছি। আই ডু নট লাইক এনি মেম্বার টু রেজ এ ডিসকাশান।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— স্যার, এটা আলোচনায় দিতে হবে আমাদের। স্যার, আজকে যে সিটুয়েশান, সেই সিটুয়েশানে সরকারী কর্মচারীদের উপর সমগ্র ত্রিপুরাতে আজকে আক্রমণ চলছে। সকাল থেকে ভোর থেকে আমি দেখছি এবং এটা লক্ষ্য করার বিষয় যে শুধু বিভিন্ন জায়গা থেকে সি, আর, পি, ইত্যাদি এনে এমন কি ছেলেমেয়েরা ঘর থেকে বেড়োতে পারে না। সমস্ত রাজ্যটা একটা ক্যাম্প।

মিঃ স্পীকার — মাননীয় সদস্য, আপনি অনুগ্রহ করে বসুন।

(এই সময়ে সমস্ত বিরোধী দলের সদস্যরা স্পীকারের মঞ্চের দিকে এগিয়ে গেলেন এবং একটা গণ্ডগোলের সৃষ্টি হয়।

Mr Speaker — I would request the Hon'ble Leader of the Opposition to take their seats

(Pandemonium was still going on)

Mr. Speaker — The House is adjourned for half an hour

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— মাননীয় স্পীকার স্যার, আপনাকে এড্রেস করা একজন সাংবাদিক শ্রীকল্যাণ গুপ্তের একটা চিঠি আমি পড়ে দিচ্ছি।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য এই বিষয়টি আমার জানা আছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— স্যার, আমি একটু পড়ে দিচ্ছি

Mr. Speaker — Please do not read it. It has come to me

Shri Nripendra Chakraborty — That I am a Press Reporter representating the local daily the 'DAINIK SAMBAD'' attending the Assembly Session to-day, the 18th March, 1975

Mr Speaker — মাননীয় সদস্য এটা আমার জানা আছে

Shri Nripendra Chakraborty —That to communicate the news of arrest of some M L As I was in need of using the Assembly phone with permission of the Assembly staff I was using the Assembly phone when I was prevented by Shri Bimal Dutta Choudhury, Sub-Inspector and he snatched away the phone from me using some filthy languages to me which is extremly to the prestiges of any gentlemen,—Sir, এই চিঠি শুধু আপনার চিঠি নয়, এই চিঠি হচ্ছে ত্রিপুরাকে বর্ত্তমান সরকার কোন পর্য্যায়ে নিয়ে গেছে...

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য এই বিষয়ে আলোচনার প্রয়োজন নেই আমি এটা ইনকোয়ারী করব বলে বলে দিয়েছি

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :— এখানে সি, আর, পি, দিয়ে অত্যাচার করবে এবং বাইরের জগতকে জানতে দেবে না, সমস্ত সাংবাদিকদের টেররাইজ করবে এবং তারা যাতে বাইরে সংবাদ বের করতে না পারে—আপনি কি মনে করেন এই অবস্থা সহ্য করবার জন্য আমরা এই এসেম্বলীতে এসেছি? যে পুলিশ রাজত্ব করবে অত্যাচার করবে মানুষকে খুন জখম করবে

জেলে বিনা বিচারে আটক রাখবে আর সাংবাদিকরা পর্যন্ত সেই খবর পাঠাতে পারবে না—স্যার, যুদ্ধ ক্ষেত্রেও এই ঘটনা ঘটে না। যুদ্ধ ক্ষেত্রেওতো সাংবাদিকদের একটা নিরাপত্তা থাকে যুদ্ধ ক্ষেত্রের সংবাদ পাঠাবার সাংবাদিকেরা সুযোগ পায়। আর এখানে যেমন খুশী তারা করবে আর সেই সংবাদ পাঠাবার সুযোগ থাকবে না এই অবস্থায় আমরা এসেম্বলী চলতে দিতে পারি না—আমি এই ঘটনা হতে দিতে পারি না (বিরোধী দল নেতা সহ সমস্ত বিরোধী সদস্যেরা আসন ছেড়ে মিঃ স্পীকারের ডায়াসের দিকে আসতে লাগলেন—সভায় তুমুল হট্টগোল)

Mr Speaker — Next business before the House is discussion and voting on Demands for supplementary grants for 1974-75 To day in the list of business there are 17 demands for grants to be disposed of by the House. Details of the Demands are shown in the list of business and Appendix

The list of Business along with appendix showing tne Demands and the Cut Motions have already been circulated to the Members All the demands starding in the name of the Chief Minister are taken as now and all the Cut motions also are taken as moved First there will be discussion on the demands are the cut motions and thereafter, when the devate is closed I shall dispose of them one after another by voice vote

Now the question before the house that a further sum not exceeding Rs 50,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 1

(It was put to voice vote and passed)

Now the question before the House that a further sum not exceeding Rs. 13,000/- be granted to defray the additional cherges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No. 2

(It was put to voice vote and passed)

There is a cut motion raised by Shri Samar Choudhury As the Hon'ble Member is absent so his cut motion falls through

Now I am putting the Demand to vote Now the question before the House that a further sum not exceeding Rs 5,82,300/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 4

(It was put to voice vote and passed)

Now the questions before the House that a further sum not exceeding Rs 1,66,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 6

(It was put to voice vote and passed)

There was a cut motion on Demand No 9 raised by Shri Abhiram Deb Barma As the member was absent so the cut motion was falls through

Now the question before the House that a further sum not exceeding Rs 4,17,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 9

(It was put to voice vote and passed)

Now the question before the House that a further sum not exceeding Rs 21,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 10

(It was put to voice vote and passed)

There is a cut motion raised by Shri Nripendra Chakraborty that the Demand be reduced by Rs 100/- to discuss on "জনসাধারণের গণতান্ত্রিক অধিকার দমনে সি, আর, পি'র অপব্যবহার"।

(It was put to voice vote and lost)

New the question before the House that a further sum not exceeding Rs 34,62,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1974 to 31st March, 1975 in respect of Demand No 11

(It was put to voice vote and passed)

Now the question before the House that a further sum not exceeding Rs 64,28 000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 14

(It was put to voice vote and passed)

Now the question before the House that a further sum not exceeding Rs 11,98,000/- be granted to defray to the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 20

(It was put to voice vote and passed)

Now the question before the House that a further sum not exceeding Rs 7,44,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April 1974 to 31st March, 1975 in respect of Demand No 35

(It was put to voice vote and passed)

Now the question before the House that a further sum not exceeding Rs 4,97,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 21

(It was put to voice vote and passed)

Now the question before the House that a further sum not exceding Rs 4,02,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 22

(It was put to voice vote and passed)

There was a cut motion by Shri Samar Choudhury As the Hon'ble Member is absent his cut motion falls through

Now the question before the House that a further sum not exceeding Rs 2,94,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 24.

(It was put to voice to vote and passed.)

Now the question before the House that a further sum not exceeding Rs 20,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 26

(It was put to voice vote and passed)

Now the question before the House that a further sum not exceeding Rs 89,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 28

(It was put to voice vote and passed)

There was a cut motion of Shri Abhiram Deb Barma and as the Hon'ble Member was absent so his cut motion was fall through

There was another cut motion of Shri Anil Sarkar As the Hon'ble Member was absent so his cut motion falls through.

Now the question before the House that a further sum not exceeding Rs 17,83,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respect of Demand No 34

(It was put to voice vote and passed)

There was a Cut Motion of Shri Abhiram Deb Barma As the Hon'ble Member was absent so his Cut Motion falls through

Now the question before the House that a further sum not exceeding Rs 20,00,000/, be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1974 to 31st March, 1975 in respest of Demand No 43.

(It was put to voice vote and passed)

The House stands adjourned till 12'30 P M of Wednesday the 19th March, 1975

PAPERS LAID ON THE TABLE

ANNEXURE—'A'

ADMITTED STARRED QUESTION NO. 85

By Shri Samar Choudhury

Will the Hon'ble Minister-in-charge of the Relief & Rehabiletation Deptt be pleased to state—

প্রশ্ন

১। ১৯৬০ এর পরে ১৯৭৪ পর্য্যন্ত ত্রিপুরার কোথায় মোট কতজন প্রাক্তন পূর্ব্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তকে পুনর্ব্বাসন দেওয়া হইয়াছে এবং কতজন P, L, ক্যাম্পে অথবা অন্য ক্যাম্পে আছে তার বিবরণ।

৩। ক্যাম্পবাসীদের সরকার কি কি সাহায্য দেন ?

৩। তাদের মধ্যে পুনর্বাসনের পরিকল্পনা কি ধরণের আছে ?

উত্তর

১। ১৯৬০ এর পরে ১৯৭৪ পর্য্যন্ত ২০৩ পরিবারে ৮৩৫ জনকে (৫৫টি পরিবারে ২২০ জনকে ত্রিপুরার বিভিন্ন জায়গায় এবং ১৪৮ পরিবারে ৬১৫ জনকে কৈলাসহর মহকুমায় নালকাটায়) পুনর্বাসন দেওয়া হইয়াছে। বর্ত্তমানে পি, এল, ক্যাম্প ও অন্যান্য ক্যাম্পে মোট ৭৩৪ পরিবারে ২২৯৪ জন উদ্বাস্তু আছে।

২। সরকার ক্যাম্পবাসীদের নিম্নলিখিত মত সাহায্য দেন (ক) মাসিক ক্যাশ ডোল (খ) পরিধেয় ও শীতে ব্যবহার্য্য কম্বল (গ) বিনামূল্যে চিকিৎসা (ঘ) সিনিয়র বেসিক পর্য্যন্ত অবৈতনিক শিক্ষা ও বইপত্র খরিদ করার টাকা (ঙ) ভর্তুকি মূল্যে রেশন (চ) শ্রাদ্ধাদির খরচ ও মেয়ে ও বিধবাদের বিবাহের খরচ।

৩। তাহাদিগকে বাসস্থানের জন্য পরিবার পিছু ২০ শতক খাসভূমি এবং অকৃষি ভিত্তিক পেশায় ঋণের মাধ্যমে পুনর্বাসন দেওয়ার পরিকল্পনা আছে।

ADMITTED STARRED QUESTION NO 110

By Shri Bidya Ch Deb Barma

Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to state—

প্রশ্ন

১। চলতি আর্থিক বছরে ১৯৭৪-৭৫ ইং) (খোয়াই) ফাল্গুনা চৌধুরী এস, বি, স্কুলটিকে হাই অথবা হাইয়ার সেকেণ্ডারী স্কুলে পরিণত করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

২। ইহা কি সত্য উক্ত এলাকাটী একটী দুর্গম অঞ্চল এবং তথায় কোন হাই অথবা হায়ার সেকেণ্ডারী স্কুল নাই,

৩। সত্য হইলে তথায় হাই অথবা হায়ার সেকেণ্ডারী স্কুল দিয়া উক্ত এলাকার ছেলে মেয়েদের উচ্চ শিক্ষার সুযোগ দেওয়া হইবে কি?

উত্তর

১। এই সম্পর্কে নুতন করে তথ্য পাঠানোর জন্য ইন্সপেকটরকে নির্দেশ দেওয়া হইয়াছে।

২। এক নং উত্তরের পরিপ্রেক্ষিতে প্রশ্ন উঠেনা।

৩। এক নং উত্তরের পরিপ্রেক্ষিতে প্রশ্ন উঠেনা।

ADMITTED UNSTARRED QUESTION NO 103

By Shri Anil Sarkar

Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to state —

প্রশ্ন

১। গত অক্টোবর নভেম্বর মাসে ত্রিপুরার ছাত্রছাত্রীরা সস্তাদরে শিক্ষা-সামগ্রীর দাবীতে কি কোন আন্দোলন করেছেন?

২। যদি করে থাকেন, ঐ সম্পর্কে সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন?

উত্তর

হ্যাঁ।

২। ছাত্রছাত্রীদের সল্পাদরে কাগজ এবং বার্ষিক পরীক্ষার ব্যাপারে সাময়িকভাবে কেরোসিন দেওয়ার ব্যবস্থা নেওয়া হইয়াছিল। বার্ষিক পরীক্ষার ফিস বৃদ্ধির ব্যাপারে সতর্কতা অবলম্বন করার জন্য ও সংশ্লিষ্ট স্কুলকে নির্দেশ দেওয়া হইয়াছিল।

ADMITTED STARRED QUESTION NO 106

By Shri Nripendra Chakraborty

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state —

প্রশ্ন

১। কৈলাশহর উচ্চতর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শ্রীমতী যোগমায়া রাহার বিরুদ্ধে ১৯৭৪ এ সরকার কি কোন দুর্নীতির অভিযোগ পেয়েছেন?

২। যদি পেয়ে থাকেন তবে তার সারমর্ম কি?

৩। ঐ সকল অভিযোগ সম্পর্কে কি তদন্ত হয়েছে, তদন্ত হলে তার ফলাফল?

উত্তর

১। হ্যাঁ।

২। ছাত্রাবাসের মেয়েরা ছাত্রাবাস ত্যাগ করার পর ছাত্রাবাস বৃত্তির টাকা ড্র করা এবং স্কুলের আসবাব পত্র মেরামনের জন্য ১০০০৲ টাকা ড্র করিয়া মাত্র ৩০০ টাকা খরচ করিয়া সম্পূর্ণ টাকা ব্যয় হইয়াছে দেখাইয়া রসিদ সংগ্রহ করা ও স্কুলের বে-সরকারী ফাণ্ডের হিসাব পরীক্ষার জন্য অভিযোগ।

৩। হাঁ, অভিযোগগুলি প্রমাণিত হয় নাই।

STARRED QUESTION NO 109

By Shri Bidya Ch Deb Barma

Will the Hon'ble Minister in-charge of the Animal Husbandry Department be pleased to state —

প্রশ্ন

১। ১৯৭৫-৭৬ ইং সনে (খোয়াই) বেহালা বাড়ী, থাপুয়াতে একটি পশু চিকিৎসালয় কেন্দ্র খোলার জন্য সরকারের কোন পারকল্পনা আছে কি?

২। ইহা কি সত্য উক্ত জায়গাগুলিতে পশু চিকিৎসালয় কেন্দ্র না থাকার জন্য উক্ত এলাকার লোক পশু চিকিৎসা হইতে বঞ্চিত হইতেছে?

উত্তর

১। এখন ও স্থির হয় নাই।

২। না

ADMITTED STARRED QUESTION NO 113
By Shri Radharaman Debnath

Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to state :—

প্রশ্ন

১) ত্রিপুরায় মোট উপজাতি ছাত্রছাত্রীর সংখ্যা বর্ত্তমানে কত এবং তার মধ্যে ষষ্ঠ শ্রেণী হইতে একাদশ শ্রেণী পর্য্যন্ত স্কুল ছাত্র ছাত্রী কত এবং কলেজের ছাত্রছাত্রীর সংখ্যা কত ?

২) গত ১৯৭২-৭৩ এর তুলনায় এই সংখ্যা বেশী হলে, কত বেশী ?

উত্তর

১) ১৯৭৩-৭৪ ইং সনে ত্রিপুরার উপজাতি ছাত্রছাত্রীদের মোট সংখ্যা ছিল ৫৮,৮৮১ জন। তাহার মধ্যে ষষ্ঠ হইতে একাদশ শ্রেণীতে উপজাতি ছাত্রছাত্রীদের সংখ্যা ছিল মোট ৬,৮৫৭ জন এবং মহাবিদ্যালয়ের মোট উপজাতি ছাত্রছাত্রীদের সংখ্যা ছিল ২২৮ জন। হিসাবগুলি সাময়িক।

২) ১৯৭২-৭৩ ইং সনের তুলনায় উক্ত মোট উপজাতি পড়ুয়া সংখ্যার বৃদ্ধি হইল ৩,২৫১ জন।

STARRED QUESTION NO 116
By Shri Bajuban Riyan

Will the Hon'ble Minister-in-charge of the Animal Husbandry Department be pleased to state —

প্রশ্ন

১) শ্রীপ্রবীর চক্রবর্তী V A. S কে, কি, আই সি, ডি, পি, ওয়ার্কের জন্য কোন ট্রেণিং দেওয়া হইয়াছিল ? এবং

২) যদি ট্রেণিং দেওয়া হয়ে থাকে, তবে তিনি বর্ত্তমানে সে কাজ করছেন কি ?

উত্তর

১) না।

২) প্রশ্ন উঠে না।

STARRED QUESTION NO 118
By Shri Pakhi Tripura

Will the Hon'ble Minister-in-charge of the Animal Husbandry Department be pleased to state —

প্রশ্ন

১) কোন কোন পশু হাসপাতালে বা পশু ডাক্তারখানায় জন্য চিলিং প্ল্যাণ্ট কেনা হয়েছে এবং তার জন্য মোট কত টাকা খরচ হয়েছে ?

২) ঐ সকল চিলিং প্ল্যান্ট কবে কেনা হয়েছে এবং কোথায় কোথায় চালু আছে ?

৩) এবং যদি সর্ব্বত্র চালু না হয়ে থাকে তার কারণ ?

উত্তর

১) পশু হাসপাতালে বা পশু ডাক্তারখানার জন্য চিলিং প্ল্যান্ট কেনা হয় নাই।

২) প্রশ্ন উঠে না।

৩) পশু হাসপাতাল বা পশু ডক্তারখানার জন্য চিলিং প্ল্যান্টের প্রয়োজন নাই।

STARRED QUESTION NO 121

By Shri Bhadramani Deb Barma

Will the Hon'ble Minister in-charge of the Animal Husbandry Department be pleased to state —

প্রশ্ন

১) ১৯৬৯-৭০এ গান্ধীগ্রামে পোলট্রি ফার্মে যে সকল ঠিকেদার পোলট্রির খাদ্য সরবরাহ করেছেন তাদের নাম ও মোট কত টাকার খাদ্য সরবরাহ করেছেন তার পরিমাণ?

২) এই সকল পোলট্রি ফার্ম থেকে মোট কত টাকার ডিম পাওয়া গিয়েছে?

৩) ইহা কি সত্য যে, ঠিকমত খাদ্য সরবরাহ না করার জন্য ডিম কম হয়েছিল?

৪) যদি সত্য হয়, তার জন্য ঠিকাদারকে শাস্তি দেওয়া হইয়াছিল কিনা?

উত্তর

১। ক) শ্রীরমেশ চন্দ্র দেবনাথ ২০,০৩৪ কেজি ধান, ১ ৩১৮ কেজি শুটকী মাছ, ১,৫৯৫ কেজি ভাঙ্গা ধান, ৩,৪৮৭ কেজি ধানের কুড়া, ১০২ কেজি ভুট্টা, ২৪,৫৯৪ কেজি তিল খৈল, ৪২৩ কেজি ৫০০ গ্রাম লবণ ও ৪,২৩৫ কেজি ভাঙ্গা বুট সরবরাহ করিয়াছিলেন এবং উহার মূল্য যথাক্রমে টাঃ ২২,৫৭২ ৬৪ প, টা ২,২১৭ ৪২ পঃ, টাঃ ১,৮৪৯ ৬০ পঃ, টা ৪৭২ ১২ প, টাঃ ২০৪ ০০ পঃ, টাঃ ১৫,৪০৯ ৪২ পঃ, টাঃ ১০৬.১২ পঃ ও টা ৯,৭০৩ ৬০ প। এই সকল দ্রব্যের সর্বমোট মূল্য টা ৫২,৫৩৪ ৯২ পঃ।

খ) শ্রীদেবেন্দ্র চন্দ্র দাস ৯,৭১৮ কেজি ৭৫০ গ্রাম ধানের কুড়া, ৫২২ কেজি তিল খৈল, ১০ কেজি লবণ, ১৩,২৩৩ কেজি ২৫০ গ্রাম ভাঙ্গা ধান ৫৪ কেজি বিশুক সরবরাহ করিয়া ছিলেন এবং ইহার মূল্য যথাক্রমে টাঃ ৯৭২ ৫৫ প, টাঃ ৩১৮.৪২ প টাঃ ২০৫৪ প, টাঃ ১১,৩৬৩ ৩৫ পঃ ও টা ৬২৪ ০০ পঃ। এই সকল দ্রব্যের সর্বমোট মূল্য টা· ১৬,২৮১ ৮২ পঃ দরে বিক্রি।

গ) শ্রীঅপরেশ প্রসন্ন দাস ৭,৪০৩ কেজি ৭৫০ গ্রাম শুটকী মাছ, ও ১০,৬৫৪ কেজি মুরগীর তৈরী খাদ্য সরবরাহ করিয়াছিলেন এবং ইহার মূল্য যথাক্রমে টাঃ ৮৯৬,৫১ প. ও টাঃ ৮৫২৩.২০ পঃ। এই সকল দ্রব্যের সর্বমোট মূল্য টা· ১৭,৪৯২ ৭১ পঃ।

২। মোট টাঃ ১৩,৭০৭ ৭০ প· মূল্যের ডিম পাওয়া গিয়াছে।

৩। না।

৪। প্রশ্ন উঠে না।

ADMITTED STARRED QUESTION NO 155

By Sri Kalipada Banerjee

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state —

প্রশ্ন

ক) সাবরুম পাব্লিক লাইব্রেরীতে বিগত দুই বৎসরে নূতন বই সরবরাহ করা হয় নাই— এ কথা কি সত্য ?

খ) সত্য হইলে তাহার কারণ ?

উত্তর

ক) ইহা সত্য নয়।

খ) প্রশ্ন উঠে না।

ADMITTED STARRED QUESTION NO 166

By Shri Gunapada Jamatia

Will the Hon'ble Minister-in-charge of the Education Depertment be pleased to state —

প্রশ্ন

১। জম্পুইজলা গভর্ণমেণ্ট হাইস্কুলে কতজন শিক্ষক বর্ত্তমান আছেন,

২। তন্মধ্যে ট্রাইবেল শিক্ষক সংখ্যা কত ?

উত্তর

১। ১২ জন।

২। ১ জন।

ADMITTED STARRED QUESTION NO 167

by Shri Gunapada Jamatia

Will the Hon'ble Minister-in-charge of the Education Depertment be pleased to state :—

প্রশ্ন

১। ১৯৭৪ সালে এপ্রিল মাসে ঝড়ে ভেঙ্গে যাওয়া নোয়াবাড়ী এস, বি, স্কুল (উদয়পুর মহকুমা) মেরামতের জন্য কর্ত্তৃপক্ষের নিকট কোন আবেদন করা হইয়াছিল কি না ?

২। যদি করা হইয়া থাকে, তবে তাহার জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছিল ?

উত্তর

১। হ্যাঁ।

২। ৯৯০ টাকা মাত্র।

STARRED QUESTION NO 211

By Shri Tapas Dey

Will the Hon'ble Minister in-charge of the Edueation Department be pleased to state —

প্রশ্ন

১। রাজ্যে আউটডোর ষ্টেডিয়াম ও ইন্ডোর ষ্টেডিয়াম করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ?

২। যদি হ্যাঁ হয়, তবে বাস্তবায়ণের জন্য সরকার কি কি করিয়াছেন ?

উত্তর

১। একটি আউটডোর ষ্টেডিয়াম নির্ম্মাণ করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ইন্ডোর ষ্টেডিয়াম তৈয়ারীর কোন পরিকল্পনা আপাতত নাই।

২। আউটডোর ষ্টেডিয়াম নির্মাণকল্পে স্থান নির্বাচন করা হইতেছে।

ADMITTED STARRED QUESTION NO 214

By Shri Manindra Deb Barma

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

প্রশ্ন

১) ইহা কি সত্য যে খোয়াই মহকুমা অন্তর্গত বড় চন্দ্রনগর এস, বি, স্কুল এর ছাত্রাবাস নির্ম্মাণের জন্য প্রস্তাব পাঠানো হইয়াছে ?

২) যদি সত্য হয় তাহা হইলে ঐ স্কুলে ছাত্রাবাস নির্ম্মাণের ব্যবস্থা করা হবে কি ?

উত্তর

১) না।

২) প্রশ্ন উঠে না।

ADMITTED STARRED QUESTION NO 230

By Shri Ajoy Biswas

Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to State—

QUESTION

1 How many teachers received Training as Craft Instructors from the Craft Teacher's Training Institute, Agartala during the years 1971-72 1972-73 and 1973-74, and

2. What are the Crafts taught in the Craft Teachers' Training Institute, Agartala and what was the distribution of trainees in the different Crafts during the years stated a bove ?

ANSWER

1, 25 (Twenty five) Nos (1971—3 Nos
1972—10 Nos
1973=12 Nos

2 i) Wood Craft, Weaving Craft, Cane and Bamboo, Book Craft, Metal Craft and Tailoring

ii) Wood Craft 9 Nos
Weaving —13 ,,
Tailoring —2 ,,
Metal Craft —1 ,,

25 Nos.

ADMITTED STARRED QUESTION NO 231

By Shri Ajoy Biswas

Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to State :—

QUESTION

1 Which Department uses vehicles TRA-287 and TRA-448,

2 Which Department bears the expenditure for those vehicles on account of petrol, mobile, repairs etc, and

3 What has been the total expenditure incurred on these vehicles for petrol, mobil and maintenance etc during the year 1973-74

ANSWER

1 Education Department

2 -do-

3

Petrol	Mobil	Maintenance
Rs 8,038 33	Rs 750 00	Rs. 4,727 66

ADMITTED STARRED QUESTION NO 232.

By Shri Ajoy Biswas

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state —

QUESTION

1 How many persons were engaged by the Education Department under Half-a-Million Jobs Programme for training purposes during the year 1973-74 and 1974-75 (upto 31st January, 1975) ;

2. How many of them have subsequently been appointed as teacher against regular posts ?

3 How many of them belong to Scheduled Tribes ?

ANSWER

1 (a) 1973-74—535

(b) 1974-75—Nil

(upto 31st January, 1975)

2 Nil

3 1

ADMITTED STARRED QUESTION NO. 242

By Shri Tapas Dey

Will the Hon'ble Minister-in-charge of the Social EducationDepartment be pleased to State —

প্রশ্ন

১) রাজ্যে মোট কতটি এডাল্ট লিটারেসী সেন্টার (এ, এল, টি সেন্টার; রয়েছে ?

২) ১৯৬৫ থেকে ১৯৭৫ পর্য্যন্ত মোট কতজন এই সমস্ত সেন্টার সমূহে লেখাপড়া শেখানো হয়েছে ?

উত্তর

১) ৩৯৭।

২) ৩২৪৮২।

ADMITTED STARRED QUESTION NO 248

By Shri Bulu Kuki

Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to state—

প্রশ্ন

১) সরকার কি অবগত আছেন যে, গত ৩১-১-৭৫ইং তারিখে অম্পিনগর হাইস্কুলের ছাত্রছাত্রীগণ কয়েকটি দাবীতে ক্লাশ বর্জন করেছিলেন, এবং

২) অবগত থাকিলে দাবীগুলি কি কি ?

উত্তর

১) না।

২) প্রশ্ন উঠে না।

ADMITTED STARRED QUESTION NO 253

By Shri Amarendra Sarma

Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to state

প্রশ্ন

1 What steps have been taken to supply books and writing materials free to students reading upto class VIII , and

2 Whether girls students are getting any such facilities

উত্তর

1 No step has so far been taken to supply books and writing materials free to all the students reading upto class-VIII

2 Does Not arise

ADMITTED STARRED QUESTION NO 268

By Shri Sushil Ranjan Saha

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

প্রশ্ন

১) ইহা কি সত্য অমরপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রাবাসে আসন সংখ্যা কম থাকাতে তপশীল জাতি ও উপজাতি ছাত্রদের শিক্ষালাভের ক্ষেত্রে অসুবিধা হইতেছে ,

২) সত্য হইলে ১৯৭৫-৭৬ আর্থিক বৎসরে উক্ত ছাত্রাবাসের আসন সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা করা হইবে কি ?

উত্তর

১) না।

২) প্রশ্ন উঠে না।

ADMITTED STARRED QUESTION NO 290

By Shri Jatindra Kumar Majumder

Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to state —

প্রশ্ন

১) ১৯৭৪-৭৫ আর্থিক বৎসরে শিক্ষা বিভাগের সদর "বি" ও "এ" এর অন্তর্গত এলাকায় কতটি জে, বি, স্কুলকে এস, বি,তে ও কতটি এস, বি, কে হাই স্কুলে উন্নীত করা হইয়াছে (স্কুলগুলির নাম সহ) ?

উত্তর

১) ১৯৭৪-৭৫ আর্থিক বৎসরে সদর "বি" এর অন্তর্গত ২ (দুই)টি জে, বি, স্কুলকে এবং সদর "এ" এর অন্তর্গত ২ (দুই)টি জে, বি, স্কুলকে এস, বি,তে উন্নীত করার আদেশ দেওয়া হইয়াছে। স্কুলগুলির নাম নিম্নে দেওয়া হইল।

সদর—"এ"

(১) কুঞ্জবন নিউ জে, বি, স্কুল।

(২) চন্দ্রপুর (দক্ষিণ) জে, বি, স্কুল।

সদর—"বি"

(১) লক্ষ্মীছড়া জে, বি, স্কুল।

(২) জয়েন্দ্রনগর জে, বি, স্কুল।

সদর "বি" ও "এ" এর অন্তর্গত কোন এস, বি, স্কুলকে হাই স্কুলে উন্নীত করার আদেশ দেওয়া হয় নাই।

ADMITTED STARRED QUESTION NO. 296

By Shri Jitendra Lal Das

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state --

প্রশ্ন

১। আগরতলা সহরে বিভিন্ন স্কুল সমূহের মধ্যে কোন্ কোন্ স্কুলে বর্ত্তমান সময়ে ট্রাইবেল ছাত্রদের থাকার বোর্ডিং আছে ?

২। যে সমস্ত স্কুলে বোর্ডিং আছে তাতে সর্ব্বমোট কত ছাত্র থাকার সিট আছে ?

৩। ১৯৭৩ ইং সালে ও ১৯৭৪ ইং সালে ঐ সকল স্কুল বোর্ডিংগুলিতে সর্ব্বমোট সিট সংখ্যা কত ছিল ,

(বৎসরের আলাদা আলাদা হিসাব) ?

উত্তর

১। আগরতলা সহরে স্কুল সংলগ্ন বোর্ডিং হাউসগুলি কোন একটি জাতি বা উপজাতির জন্য নয়। তবে প্রকৃতপক্ষে ষ্টাইপেণ্ডারী ট্রাইবেল ও তপশীলভুক্ত ছাত্র-ছাত্রীরাই প্রধানত আগরতলা সহরের স্কুল সংলগ্ন বোর্ডিং হাউসগুলিতে বসবাস করে এবং বর্ত্তমানে যে স্কুল সমূহে বোর্ডিং হাউস চালু আছে সেগুলির নাম দিয়ে দেওয়া হইল—

(ক) উমাকান্ত একাডেমী, (খ) বোধজং হায়ার সেকেণ্ডারী স্কুল, (গ) রাম ঠাকুর পাঠশালা হায়ার সেকেণ্ডারী স্কুল, (ঘ) বড়দোয়ালী হায়ার সেকেণ্ডারী স্কুল, (ঙ) মহারাণী তুলসীবতী বালিকা বিদ্যালয়, (চ) সেন্ট পলস্ উচ্চ বুনিয়াদী বিদ্যালয়।

২। পূর্ব্বোল্লিখিত স্কুল সমূহের বোর্ডিংগুলিতে বর্ত্তমানের মোট আসন সংখ্যা—৪০১

৩।

	বালক	বালিকা	মোট
১৯৭৩ ইং	৩০৯	৯২	৪০১
১৯৭৪ ইং	৩০৯	৯২	৪০১

ADMITTED STARRED QUESTION NO 312

By Shri Niranjan Deb

Will the Hon'ble Minister in-charge of the Education Department be pleased to state—

প্রশ্ন

১। ইহা কি সত্য যে কিছু সংখ্যক Graduate teachers, Graduate teachersদের জন্য নির্দিষ্ট scale পাচ্ছেন না , এবং

২। যদি সত্য হয় তার সংখ্যা কত (মহকুমা ভিত্তিক)

উত্তর

১। না।

২। প্রশ্ন উঠে না।

Annexure—"B"

ADMITTED UNSTARRED QUESTION NO 62

By Shri Samar Choudhury

Will the Hon'ble Minister in-charge of the R R Department be pleased to state :—

প্রশ্ন

১। গত দশ বৎসরে ত্রিপুরায় ত্রান বাবদ কত টাকা খরচ করা হইয়াছে ? (বৎসর ভিত্তিক হিসাব)

উত্তর

১। গত দশ বৎসরে ত্রিপুরায় ত্রান কার্য্য বাবদ নিম্নোক্ত রূপে মং ২২,০৩,৮১,৭৭৮.০০ টাকা খরচ হইয়াছে।

১৯৬৪-৬৫	—	মং	২১,৩২,৮৪১.০০ টাকা
১৯৬৫-৬৬	—	মং	৬,৯১,৫৬৫.০০ ,,
১৯৬৬-৬৭	—	মং	৩,৬২,৮০০.০০ ,,
১৯৬৭-৬৮	—	মং	৮,০২,৮৪৮.০০ ,,
১৯৬৮-৬৯	—	মং	১২,৪৫,০৫৯.০০ ,,
১৯৬৯-৭০	—	মং	৮,৮৭,০০৩.০০ ,,
১৯৭০-৭১	—	মং	১১,১১,৫৯২.০০ ,,
১৯৭১-৭২	—	মং	২০,১০,৩২,০০০.০০ ,,
১৯৭২-৭৩	—	মং	১,০২,৪৬,০০০.০০ ,,
১৯৭৩-৭৪	—	মং	১৮,৬৯,০০০.০০ ,,

মোট মং ২২,০৩,৮১,৭৭৮.০০ টাকা।

প্রশ্ন

২। ঐ ত্রাণকার্য্যের ব্যয় বাবদ-এ কত টাকা কেন্দ্রীয় সরকারের নিকট থেকে সাহায্য নেওয়া হয়েছে (বৎসর ভিত্তিক হিসাব)।

উত্তর

২। ঐ ত্রানকার্য্যের ব্যয় বাবদ কেন্দ্রীয় সরকারের নিকট থেকে নিম্নোক্ত মতে মোট মং ২১,২২,৩০,৭৭৮ ০০ টাকা সাহায্য নেওয়া হইয়াছে ঃ—

১৯৬৪-৬৫—মং	২১,৩২,৮৪১ ০০	টাকা
১৯৬৫-৬৬ ,,	৬,৯২,৫৬৫ ০০	,,
১৯৬৬-৬৭ ,,	৩,৬২,৮০০ ০০	,,
১৯৬৭-৬৮ ,,	৮,০২,৮৪৮ ০০	,,
১৯৬৮-৬৯ ,,	১২,৪৫,০৫৯ ০০	,,
১৯৬৯-৭০ ,,	৮,৮৭,০৭৩.০০	,,
১৯৭০-৭১ ,,	১১,১১,৫০২ ০০	,,
১৯৭১-৭২ ,,	২০,২১,৩২,০০০ ০০	,,
১৯৭২-৭৩ ,,	১৯,৪৬,০০০ ০০	,,
১৯৭৩-৭৪ ,,	৯,১৮,০০০ ০০	,,

মোট মং ২১,২২,৩০,৭৭৮ ০০ টাকা

ADMITTED UNSTARRED QUESTION No 60

By Sri Samar Choudhuri

Will the Hon'ble Minister-in-charge of the Education Deptt be pleased to state —

প্রশ্ন

১। রাজ্যের সমস্ত সরকারী গ্রন্থাগার সমূহে রাজ্য সরকারের সকল দপ্তরের পাবলিকেশান সংগ্রহ ও পাঠকদের নিকট উপস্থিত করার ব্যবস্থা আছে কি না ?

২। থাকিলে এই সংগ্রহের মধ্যে রাজ্য বিধান সভা প্রকাশিত প্রসিডিংস ও অন্যান্য পাবলিকেশান্স আছে কি না ?

৩। না থাকিলে এই সম্পর্কে সত্বর ব্যবস্থা গ্রহণ করা হইবে কি না ?

উত্তর

১। না। তবে সময়ে সময়ে কোন কোন দপ্তরের পাবলিকেশান্স রাজ্যের গ্রন্থাগারগুলিতে প্রেরিত হয় এবং তাহা পাঠকদের পড়তে দেওয়া হইয়া থাকে।

২। না।

৩। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সম্পর্কে বিবেচনা করা হইতেছে।

ADMITTED UNSTARRED QUESTION NO 66

By Shri Anil Sarker

Will the Hon'ble Minister-in-charge of the Social Education Department be pleased to state :—

প্রশ্ন

১। কোন্ মহকুমায় কতটি বালোয়ারী স্কুল আছে এবং তাহার ছাত্র সংখ্যা কত ?

২। ১৯৭৪এ মোট কতটি নূতন বালোয়ারী স্কুল খোলা হইয়াছে তার নাম ও স্থানের নাম ?

৩। এই সকল স্কুলে ছাত্রছাত্রীদের সরকার থেকে কি সুযোগ সুবিধা দেওয়া হয় ?

উত্তর

১।

মহকুমার নাম	মোট বালোয়ারী স্কুলের সংখ্যা	মোট ছাত্র সংখ্যা
সাবরুম	১৬	৮৮৫
বিলনীয়া	৪৩	২,৪১৩
অমরপুর	২৫	১৫৪০
উদয়পুর	৪৭	২৭৩৮
কমলপুর	৫২	২৯৯০
ধর্ম্মনগর	২২	১৪৫০
কৈলাসহর	৩৪	১৫২০
সদর	১০৮	৪৯০৪
খোয়াই	৪৭	১৭২৬
সোনামুড়া	২৫	১৯২৩

২। ৬৪টি

	নাম	স্থানের নাম
১)	তারপাথুম হিন্দুপাড়া	তারপাথুম, উদয়পুর
২)	সাতারিয়া	সাতারিয়া, ঐ
৩)	গকুলপুর	গকুলপুর, ঐ
৪)	হাতিপচা	হাতিপচা, ঐ
৫)	রাজনগর	রাজনগর, ঐ
৬)	তেপানীয়া গ্রাম	তেপানীয়া গ্রাম ঐ
৭)	ধ্বজনগর	ধ্বজনগর ঐ
৮)	রবীন্দ্র পল্লী	রবীন্দ্র পল্লী ঐ
৯)	ভ্রাত খাউরী	সালেমা, কমলপুর
১০)	বুধরী	ঐ ঐ
১১)	বন্ধদ্রোণ	ছোট সুরমা, ঐ

১	২	৩	৪
১২)	উত্তর মেছুরিয়া ,,	অভাঙ্গা,	ঐ
১৩)	কাঞ্চনপুর কলোনী	আমবাসা	ঐ
১৪)	বামনছড়া ,,	বামনছড়া,	ঐ
১৫)	হরের খলা ,,	ফুলছরী,	ঐ
১৬)	পশ্চিম কুচাইনালা ,,	সিংগীবল,	ঐ
১৭)	দাক্ষিণ কচুছড়া ,,	কচুছড়াবাজার	ঐ
১৮)	সন্তসিয়া বাড়ী ,,	ছোট সুরমা	ঐ
১৯)	দেবীছড়া ,,	হালাহালী	ঐ
Will the Hon'ble Minister in-charge of the Finance Department be pleased to state —

প্রশ্ন

১) ১৯৭৫এ আগরতলা শিশু উদ্যানে যে মেলা হয়েছে তা'তে ষ্টল করার জন্যে কোন কোন সরকারী দপ্তর কি পরিমান অর্থ বরাদ্দ করেছেন এবং কি পরিমান অর্থ ব্যয় হয়েছে তার দপ্তর ভিত্তিক হিসেব ?

২) গত বৎসর এই সময়ে যে মেলা হয় তার ব্যয় অপেক্ষা এই ব্যয় বেশী না কম এবং

৩) বেশী হলে কত বেশী ?

উত্তর

১) সংলগ্ন তালিকায় প্রদত্ত হইল।

২) গত বৎসর কোন মেলা অনুষ্ঠিত হয় নাই।

৩) প্রশ্ন উঠে না।

QUESTION NO 1

Allocation of fund for the Exhibition held at Children's Park during 1975 and actual exependiture against the allocation

Sl No	Department/Heads of Deptt	Allocation of fund	Actual expenditure incurred against the allocation
1	2	3	4
		Rs	Rs
1.	Directorate of Panchayet Raj	10,000/-	9,995/-
2	Directorate of Tribal Research	2,000/-	2,000/-
3	Directorate of Animal Husbandry and Vety Services	40,000/-	32,000/-(approx)
4	Directorate of Health Services	18,000/-	17,001 75 p
5	Directorate of Welfare for Sch Castes & Sch Tribes	26,500/	26,500/-
6	Directorate of Industries	24,300/-	24,300/-
7	Directorate of Civil Defence	3,950/-	3,898/-
8	Office of the Conservator of Forests	20,000/-	14,340 27 p
9	Department of Agriculture	45,000/-	42,605 85 p
10	Office of the Inspector General of Police	20,000/-	13,892 68 p
11	Directorate of Public Relations and Tourism	40,000/-	72,568 59 p
12	Public Works Department	—	38,000/-
13	Education Directorate	21,950/-	21,885 98 p

ADMITTED UNSTARRED QUESTION NO 28

By Shri Bidya Chandra Deb Barma

Will the Hon'ble Minister in-charge of the Health and Family Planning Department be pleased to state—

প্রশ্ন

১) খোয়াই মহকুমার বেহালা বাড়ীতে (১৯৭৫-৭৬) সনে একটি প্রাইমারী স্বাস্থ্য কেন্দ্র খোলা হইবে কি ?

২) ইহা কি সত্য যে, সেখানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র খোলার জন্য পূর্ব্বে জায়গাও নির্দিষ্ট করা হইয়াছিল ?

৩) এবং যদি সত্য হইয়া থাকে, তাহা হইলে উক্ত জায়গায় উক্ত কেন্দ্র না খোলার কারণ কি ?

উত্তর

১) ১৯৭৫-৭৬ আর্থিক সনে খোয়াই ব্লকে একটি প্রাইমারী স্বাস্থ্য কেন্দ্রের পরিকল্পনা আছে ।

২) না, সেখানে জায়গা এখনও নির্দিষ্ট করা হয় নাই ।

৩) প্রশ্ন উঠে না ।

ADMITTED UNSTARRED QUESTION NO 38

By Shri Bichitra Mohan Saha

Will the Hon'ble Minister in-charge of the Community Development Department be pleased to state —

প্রশ্ন

১) ১৯৭৪ ইং দুর্গোৎসব উপলক্ষে বিশালগড় ব্লক অফিসে কতটি বস্ত্রহীন পরিবারকে বিনামূল্যে বস্ত্র বিতরণ করা হইয়াছে ?

২) এই বস্ত্রহীন পরিবারের মধ্যে মধুবন, গকুলনগর, কোনাবন, দেবীপুর, পাণ্ডবপুর এবং নেহাল চন্দ্রনগর গাঁওসভার কোন বস্ত্রহীন পরিবার বস্ত্র পাইয়াছেন কি না ?

৩) যদি পাইযা থাকে তবে তাদের নাম ও ঠিকানা ?

৪) যদি না পাইয়া থাকে তার কারণ ?

উত্তর

১) ১৯৭৪ সনে দুর্গোৎসব উপলক্ষে বিশালগড ব্লক অফিস হইতে ১৯৩ দুস্থ ব্যক্তিকে বিনামূল্যে বস্ত্র বিতরণ করা হইয়াছে।

২) হঁ্যা। এই পরিবারগুলির মধ্যে মধুপুর গাঁওসভা হইতে এক ব্যক্তি ও নেহাল চন্দ্রনগর গাঁওসভা হইতে ১ ব্যক্তিকে বিনামূল্যে বস্ত্র বিতরণ করা হইয়াছে।

৩) শ্রীমতি জ্যোৎস্না বালা নট্ট, স্বামী—শ্রীনিবারণ চন্দ্র নট্ট, মধুপুর। শ্রীমরণ শক্তি দেবনাথ। পিতা—৺নগেন্দ্র দেবনাথ, নেহাল চন্দ্রনগর।

৪) দুঃস্থ পরিবারের তালিকা অন্যান্য গাঁওসভার প্রধান হইতে নির্দিষ্ট সুপারিশ সহ না আসায় সেইসব গাঁওসভার লোকদের বিনামূল্যে বস্ত্র বিতরণ সম্ভব হয় নাই।

ADMITTED UNSTARRED QUESTION NO 43

By Shri Tapas Dey

Will the Hon'ble Minister in-charge of the C D Department be pleased to state—

প্রশ্ন

১) উদয়পুর ব্লকের ব্লক ডেভেলাপমেন্ট অফিসার ১৯৭২-৭৩, ৭৩ ৭৪ ও ১৯৭৪-৭৫ বর্তমান সময় পর্য্যন্ত কত টাকা টি, এ, ডি, এ এবং অন্যান্য খরচ বাবত সরকারী তহবিল হইতে গ্রহণ করিয়াছেন, তার বৎসর ভিত্তিক হিসাব।

উত্তর

১) উদয়পুর ব্লকের ব্লক ডেভেলাপমেন্ট অফিসার টি, এ, ডি, এ, এবং অন্যান্য খরচ বাবত ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪ ও ১৯৭৪-৭৫ (বর্তমান সময় পর্যন্ত যত টাকা সরকারী তহবিল হইতে খরচ করিয়াছেন, তাহার বৎসর ভিত্তিক হিসাব নিয়ে দেওয়া গেল —

বৎসর	বেতন	ডি, এ,	সি, এ,	আই, আর	টি, এ
১৯৭২-৭৩	২০২৪ ০০	৮৭৬ ০০	১৫৯ ৬০	২৪০ ০০	—
১৯৭৩-৭৪	৪৯৪১ ২১	২৬২৪ ৩৮	৩৯৫ ৪৫	১৪৭০ ২৫	৮৯৮ ৭৫
১৯৭৪-৭৫	৭৬০৩ ০০	১৪৬০ ০০	৬০৮ ২৪	১০১৮ ০০	৪৪৯.৮০

ADMITTED UNSTARRED QUESTION NO 44
By Shri Tapas Dey

Will the Hon'ble Minister in-charge of the Health and Family Planning Department be pleased to state—

প্রশ্ন

১) ১৯৭৪ সালে রাজ্যের কোন জেলায় কত ব্যক্তি ক) যক্ষ্মা খ) কলেরা গ) ডেঙ্গু ঘ) টাইফয়েড ঙ) ম্যালেরিয়া এবং চ) কুষ্ঠরোগে আক্রান্ত হইয়াছে এবং কোন রোগে কত ব্যাক্তি মৃত্যুমুখে পতিত হইয়াছে ?

উত্তর

১) স্বাস্থ্য দপ্তরের প্রাপ্ত তথ্য অনুযায়ী ১৯৭৪ সালের জেলা ভিত্তিক আক্রান্ত এবং মৃত্যুর সংখ্যা নিম্নরূপ :—

	পশ্চিম ত্রিপুরা আক্রান্ত—মৃত্যু	উত্তর ত্রিপুরা আক্রান্ত—মৃত্যু	দক্ষিণ ত্রিপুরা আক্রান্ত—মৃত্যু
ক) যক্ষ্মা	৯৮৬ — ৯	১০৪ — ৫	৮২ — ৩
খ) কলেরা	— — —	— — —	— — —
গ) ডেঙ্গু	— — —	— — —	— — —
ঘ) টাইফয়েড	৭৩০ — ১	১১৩২ — ৭	১৩৮০ — ২
ঙ) ম্যালেরিয়া	১৫০০ — ০	৪৩২ — ০	১৬০৭ — ০
চ) কুষ্ঠ	৬ — ০	৩৪ — ০	— — —

ADMITTED UNSTARRED QUESTION NO. 154
By Shri Tapas Dey

Will the Hon'ble Minister in-charge of the Public Relations & Tourism Department be pleased to state—

প্রশ্ন

১) ১৯৭৩-৭৪, ১৯৭৪-৭৫ আর্থিক বছরে মন্ত্রীদের (কেন্দ্রীয় ও রাজ্য) সফরকালে ফটো তোলা বাবদ পাবলিসিটি ডিপার্টমেন্ট মোট কত টাকা ব্যয় করেছেন ? এবং

২) এই তোলা ছবিগুলি কি কাজে লাগান হয়েছে বা হবে ?

উত্তর

১)	১৯৭৩-৭৪	১৯৭৪-৭৫ এর ৭ই মার্চ্চ পর্য্যন্ত
	১৭,৫৩৬.০০ টাকা	২৪৯৬ ০০ টাকা

২) উন্নয়নমূলক কাজের ছবিগুলি এবং গুরুত্বপূর্ণ সংবাদ চিত্র ব্লক তৈরী করিয়া বিভিন্ন পত্র পত্রিকায় ও বিভাগীয় প্রকাশনীতে ছাপানো হয় এবং জনসাধারণের জ্ঞাতার্থে, বিভিন্ন শহরে ডিস্‌প্লে বোর্ড স্থাপন করিয়া জনসাধরণকে দেখানো হয়। তাছাড়া ত্রিপুরা ও ত্রিপুরার বাহিরে বিভিন্ন প্রদর্শনীতে ব্যবহৃত হইয়াছে।

ADMITTED UNSTARRED QUESTION NO 58
By Shri Samar Choudhury

Will the Hon'ble Minister in-charge of the Community Development Department be pleased to state—

QUESTIONS

1 The Drinking water wells constructed and now tube wells installed in the rural areas in 1974–75 uptill now (Total number, Block–wise) ,

2 The drinking water wells renovated and the non-functioning tube wells re-installed in 1974-75 uptill now (Total number, Block–wise) ,

3 The corresponding figures of the above information for the previous two years ?

ANSWERS

Replies to the question No. 1, 2 & 3 are given in the enclosed sheet

ADMITTED UNSTARRED QUESTION NO 58

BLOCK WISE PARTICULARS ON RWS WORKS

Name of Block	New installation of tubewells	New construction of ringwell	Reinstallation of tube-wells	Renovation of Ring wells	New installation of tubewells	New construction of ringwells	Reinstallation tube wells	Renovation of Ring wells	New installation of tubewells	New construction of ringwells	Reinstallation of tube-wells	Reinstallation of tube wells
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13
NORTH TRIPURA												
1 Panisagar	—	1	5	10	26	13	48	19	18	29	60	102
2 Kumarghat	13	1	14	—	49	12	53	25	29	37	76	57
3 Kanchanpur	—	—	—	—	—	26	—	43	—	34	—	44
4. Chowmanu	9	4	6	8	5	4	5	18	5	18	4	18
5 Kamalpur	4	—	33	—	15	11	44	15	18	12	86	50
	26	6	58	18	95	66	150	120	70	130	226	27
WEST TRIPURA												
1 Khowai	—	—	40	7	59	11	59	19	75	6	109	14
2 Teliamura	—	—	2	—	22	9	22	14	13	5	48	—
3 Jirania	—	—	20	—	61	9	103	33	65	14	117	—
4. Mohanpur	3	—	12	16	49	21	32	40	62	15	78	21
5 Bishalgarh	2	1	48	30	41	17	96	46	70	28	195	41
6. Melaghar	—	—	52	14	37	4	—	2	1	6	—	30
	5	1	174	67	269	71	312	154	286	74	547	109

1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13
SOUTH TRIPURA												
1 Udaipur	—	—	60	2	38	17	70	18	41	14	166	33
2 Bagafa	3	1	40	9	11	12	50	12	31	12	62	45
3 Rajnagar	—	4	40	—	—	17	50	18	12	19	121	41
4 Satchand	2	1	30	—	18	10	50	12	27	13	111	61
5 Amarpur	7	1	37	—	18	14	53	12	18	19	125	48
6 Dumburnagar	3	2	—	—	—	7	—	24	—	7	—	30
	15	9	207	11	85	77	273	96	129	84	585	258
TOTAL	46	16	439	96	449	214	735	370	485	288	1358	639

ADMITTED UNSTARRED QUESTION NO 91
By Shri Manindra Deb Barma

Will the Hon'ble Minister-in-charge of the Health and Family Planning Department be pleased to state—

প্রশ্ন

১) ইহা কি সত্য যে খোয়াই বিভাগ অন্তর্গত চেবরী বাজারে একটী প্রাইমারী হেলথ্ সেন্টার খোলার জন্য একটী গণ দরখাস্ত দেওয়া হইয়াছে ?

২) যদি সত্য হয় তাহা হইলে বর্ত্তমানে আর্থিক বৎসরে তাহা খোলা হইবে কি ?

উত্তর

১) হ্যাঁ।

২) খোয়াই ব্লকে একটী প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র খোলার পরিকল্পনা আছে। স্থান এখনও নির্দিষ্ট হয় নাই।

UNSTARRED QUESTION NO 101
By Shri Samar Choudhury

Will the Hon'ble Minister-in-charge of the Transport Department be pleased to state—

Question

1. Total number of vehicles for which taxes have not been paid since 1955 and the outstanding arrears of taxes ?

Reply

1 An amount of Rs 3,15,472 50 only is outstanding as tax for a total of 769 number motor vehicles relating to the period from 1955 upto date Although according to the register of motor vehicles an amount of Rs 21,43,635 87 is outstanding against 1700 vehicles, it is found that 931 of different categories of vehicles are out of operation on the roads in Tripura for more than 3 years Proposal for cancellation of registration certificates of such vehicles and deletion of those from the registers of this office is under examination of the Government in accordance with Section 14 of the Tripura Motor Vehicles Tax Act, 1972, and Sections 33 and 34 of the Motor Vehicles Act, 1939

ADMITTED UNSTARRED QUESTION NO 134
By Shri Ajoy Biswas

Will the Hon'ble Minister-in-charg e of the Community Development Department be pleased to state—

প্রশ্ন

১) ত্রিপুরার কতটী গ্রামে পাবলিক টিউবওয়েল অথবা রিংওয়েল কোনটাই নাই, এবং

২) এই গ্রামগুলিতে পানীয় জলের সমস্যা সমাধানের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

উত্তর

১) ত্রিপুরার ১৭০০টী সেনসাস গ্রামে সরকারী কোন টিউবওয়েল অথবা রিংওয়েল নাই।

২) হ্যাঁ।

UNSTARRED QUESTION NO. 141
By Shri Jitendra Lal Das

Will the Hon'ble Minister-in-charge of Finance Department be pleased to state--

প্রশ্ন

১। ১৯৭৩ইং ও ১৯৭৪ইং সনে ত্রিপুরা সরকারের কতজন কর্মচারীর কার্য্যকাল শেষ হয়েছে ?

২। যাদের কার্য্যকাল শেষ হয়েছে তাদের মধ্যে কতজনের পেনসান ধার্য্য হয়েছে ও পেনসান দেওয়ার কাজ চালু হয়েছে ?

উত্তর

১। ১৯৮ জন।

২। ১৯৮ জনের মধ্যে ৬৮ জনের পেন্সন স্থায়ীভাবে, ১০ জনের সর্ত্তসাপেক্ষে সাময়িক-ভাবে চালু হইয়াছে এবং বাকী ১২০ জনের পেন্সন প্রস্তাব বিবেচনাধীন আছে।

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISION OF THE CONSTITUTION OF INDIA

Saturday 29th March 1975

The Assembly met in the Legislative Assembly Chamber, Agartala on Saturday,, he 29th March, 1975, at 12-30 P M

PRESENT

Mr Speaker Shri Manindra Lal Bhowmik the Chief Minister 4 Ministers, 3 Deputy Ministers, the Deputy Speaker, and 43 Members

QUESTION

Mr. Speaker — To-day in the List of Business are the following questions to be answered by the Ministers concerned Starred Question No 40 Shri Subal Ch, Biswas

মিঃ স্পীকার :—শ্রীসুবল চন্দ্র বিশ্বাস।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস —কোয়েশ্চান নাম্বার ৪০।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৪০।

প্রশ্ন

১। ১৯৬৩ সালে এপ্রিল মাসে জমিদারী প্রথা উচ্ছেদ হওয়ার পর কৈলাশহরের জমিদার অখিল চন্দ্র ঘোষ এর জমিদারী ও তালুকের রিটার্ণ সরকারী ঘোষণা মতে ১৯৬৩ইং এর মধ্যে বা আজ পর্য্যন্ত দেওয়া হইয়াছে কি না?

২। উক্ত জমিদারী প্রজা পত্তন বাদে কত একর জমি অখিল চন্দ্র ঘোষের নিজ জোতে ছিল?

৩। এবং ভূমি সংস্কার (১৯৬০) আইন মতে ঐ সময়ে অখিল চন্দ্র ঘোষ কত একর জমি নিজ নামে রাখার অধিকারী ছিলেন?

৪। এবং কত একর জমি উক্ত জমিদারী থেকে সরকার অধিগ্রহণ করেছেন?

উত্তর

১। না।

২। নয়টী বিভিন্ন কেস ও দুইটী আপীল কেস বিচারাধীন থাকা হেতু উক্ত জমিদারীর প্রজা-প্রত্তন বাদে কত একর জমি অখিল চন্দ্র ঘোষের নিজ জোতে ছিল তাহা সঠিকভাবে নির্দ্ধারণ করা সম্ভব নয়।

৩। উক্ত বিভিন্ন ও আপীল কেসগুলির নিষ্পত্তি হওয়ার পর নির্দ্ধারিত করা হবে।

৪। ০.৯৪ একর।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস :—সাপলিমেন্টারী স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে জমিদার অখিল ঘোষের নিজ নামে কত একর জমি আছে সেটা তিনি বলতে পারবেন না। আমার প্রশ্ন হল মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে পারেন অখিল ঘোষের নামে যে সমস্ত জোত জমি আছে সেটা কি শিলিংয়ের ভিতরে না শিলিংয়ের বাহিরে। সেটা কি ভূমি সংস্কারের মধ্যে পড়ে ?

শ্রীশৈলেশচন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেহেতু এইগুলি বিচারাধীন আছে তদান্তাধীন রয়েছে তার জন্য এখানে সে সম্বন্ধে কোন কিছু বলা সম্ভবপর নয়।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সরকারের যে আইন আছে, ভূমি সংস্কার আইন, সেই আইনের মধ্যে অখিল ঘোষের যে জোত জমি আছে সেটা শিলিংয়ের ভিতরে আছে। যদি শিলিংয়ের ভিতরে না থাকে তাহলে সেই জমি সরকারের নিজস্ব জমি হওয়ার দরকার। এবং সেই হিসাবে অখিল ঘোষের শিলিংয়ের বাহিরে যে সমস্ত জমি আছে সেটা অখিল বাবু সরকারকে না দিয়ে নিজ নামে বিভিন্ন ভাবে বিক্রি করছেন যেই সংবাদ কি মাননীয় মন্ত্রী মহাশয়ের অবগত আছে ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম —মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে যেহেতু ফাইন্যাল কিছু হয় নাই সুতরাং এই জমি সম্পর্কে এখানে কিছু বলা সম্ভব নয়।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস :—মাননীয় মন্ত্রী বলতে পারেন কি ১৯৬৩ সনের পর আজ ৭৪-৭৫ সালে দীর্ঘ ১০,১১, ১২, বছরের মধ্যে ও ফাইন্যাল হল না। অথচ সেই জমিদার সরকারের জমি নিজ নামে বিক্রি করে যে টাকা সরকারের হওয়া দরকার সেই টাকাটা তিনি আত্মসাৎ করছেন এটা কি মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, পূর্ব্বেই বলেছি প্রশ্নের জবাবে যে জমি সরকারের। এই সম্পর্কে বর্ত্তমানে কতগুলি কেস মেইনটেন আছে তা না হওয়া পর্যান্ত এই সম্পর্কে সরকারের অধিগ্রহণ করা সম্ভব নয়।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস —এইটা কি আমরা ধরে নিতে পারি যে সেই কতটুকুন জমি সরকার ১২ বছরের মধ্যেও অধিগ্রহণ করতে পারেন নি কিংবা করেন নি কিংবা করা হয় নাই এই জন্য যে সরকারের সঙ্গে সেই জমিদার অখিল ঘোষের একটা গোপন আঁতাত আছে সেই আঁতাদের ফলে জমি বিক্রির টাকাগুলি যে পেয়েছে সেটা অখিল ঘোষ আত্মসাৎ করছে। এতে কি বুঝা যায়না যে সরকারের সঙ্গে জমিদার অখিল ঘোষের একটা যোগাযোগ রয়েছে। এই যোগাযোগের জন্য সরকার জমি অধিগ্রহণ করছেন না ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম —মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কথা সত্য নয়।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস .—মাননীয় মন্ত্রী মহোদয়, বলতে পারেন কিযে কুমার ঘাটহলাতিয়া বাড়ী পশ্চায় নাথার জোত, যে তালুকের যে ৫৫ দ্রোণ জমি আছে অখিল ঘোষের আণ্ডারে। সেই ৫৫ দ্রোণের যে অতিরিক্ত জমি বিভিন্ন গভর্ণমেন্ট সংস্থার কাছে বিক্রি করছে তা কি বলতে পারেন ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইখানেই সেই তথ্য নেই।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস —এইটা জমিদারের মধ্যে। মাননীয় অধ্যক্ষ মহোদয়া এই প্রশ্নটা রিলেবল স্যার। এইখানে জমিদার অখিল ঘোষ কুমারঘাট, এবং বিভিন্ন জায়গায় সরকারের জমিগুলি নিজ নামে বিক্রি করছে। করছে যে সেটার কি কোন তদন্ত হয়েছে। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে তথ্য নেই। এটা কেমন কথা? হাউসকে মিসলেড করা হচ্ছে?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে জমি আছে সেটা রেজিষ্ট্রারী ডিপার্ট মেণ্টের ব্যাপার। কাজেই এই বিষয়ে দেখা হবে?

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস :—সেইটা কতদিনের মধ্যে সেটেলমেন্ট করে অধিগ্রহণ করা হবে?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রচলিত আইন মত পর্যালোচনা শেষ করবার পরেই এইটা ঠিক করা হবে?

শ্রীকালীপদ ব্যানার্জী :—জমি ছিল বেশী এই কথাটা ঠিক কিনা? উনি জানেন কি যে শিলিংয়ের বাইরে যে জমি আছে সেটা এখন উনি বিক্রি করেছেন কি না? এ কথাটা কি উনি বলতে পারবেন? যেটা উনার নিজের জমি নয়। গভর্ণমেণ্টের জমি?

শ্রীশৈলেশ চন্দ্র সোম —মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেই বলেছি যে এর সম্পর্কে কিছু কেস চলছে। সেইগুলির নিষ্পত্তি হয়ে গেলে পরেই কাজ করা হবে। আইনে কি করে অখিল ঘোষের হতে পারে।

শ্রীকালীপদ ব্যানার্জী :— জমি আছে বলেই সে জমিদার। জমি না থাকলেতো জমিদার হতে পারে না? জমিদার অখিল ঘোষের যে বাড়তি জমি সেটা সরকারের অধিগ্রহণের দরকার আছে। সেটাতে এত টাইম লাগছে কেন? উনি কি জানেন সে কথা? অবশ্য তা জানার কথাও না। যেহেতু ঐ দপ্তরের সঙ্গে তার পরিচয় নাই। এখন অখিল ঘোষ ঐ জমি বিক্রি করছেন কিনা সেটা কিন্তু প্রশ্ন পাওয়ার পরেই সরকারের উচিত ছিল সংবাদ সংগ্রহ করা যে ঐ জমি অখিল ঘোষ নিজ নামে বিক্রি করছেন কিনা? অখিল ঘোষ যদি বিক্রি করেও থাকেন তাহলেও ঐ জমি তিনি বিক্রি করতে পারেন না। কারণ জমিটা অখিল ঘোষের নয়।

শ্রীশৈলেশ চন্দ্র সোম — মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেই বলেছি অখিল ঘোষ নিজের জমি ছাড়া সরকারের জমি বিক্রি করেছেন কিনা সেটা জানা যাবে যে কেসগুলি আছে সেগুলির নিষ্পত্তি হয়ে গেলে পরেই।

শ্রীকালীপদ ব্যানার্জী :— কিন্তু আমার কথা হল উনি কি বিক্রি করতে পারবেন? অখিল ঘোষের যদি নিজের নামে জমি থাকে তাহলে অখিল ঘোষ বিক্রি করতে পারবেন। কিন্তু জমিদার অখিল ঘোষ, আইন আমাদের বলছে যে উনি এই পর্য্যন্ত জমি নিজ নামে রাখতে পারবেন। এই জমির বেশী যদি জমি হয় তাহলে এটা সরকারের বর্ত্তাবে। সরকারের বর্ত্তানো যে জমি সেই জমিটা একটা আইনের ফাঁক দিয়ে মানে উনি বিক্রি করে টাকা নিচ্ছেন একথাটা সত্যি কিনা এটা সরকার অবগত আছেন কিনা?

শ্রীশৈলেশ চন্দ্র সোম — মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে কোন খবর সরকারের কাছে নেই।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস :— উনি বলছেন যে সরকারের কাছে এই সম্পর্কে কোন খবর নেই। আমি বলছি যে কুমারঘাটে যে সমস্ত গো ডাউন আছে এই জায়গাগুলি কি অখিল ঘোষের জোতের মধ্যের জায়গা না জোতের বাহিরের জায়গা। এটা কি সরকারী জায়গা নয়? এই তথ্য কি মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারবেন?

শ্রীশৈলেশ চন্দ্র সোম — মাননীয় অধ্যক্ষ মহোদয়, আই ডিমাণ্ড নোটিশ। তাহলে আমি তখন বলতে পারব।

মিঃ স্পীকার :— শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী, শ্রীঅনিল সরকার, শ্রীজিতেন্দ্র লাল দাস, শ্রীতাপস দে, শ্রীগুণপদ জমাতিয়া, হ্যাঁ, শ্রীজিতেন্দ্র লাল দাস।

মিঃ স্পীকার :— শ্রীঅনিল সরকার, শ্রীতাপস দে, শ্রীজিতেন্দ্র লাল দাস।

শ্রীতাপস দে :— কোয়েশ্চান নাম্বার ১০৪।

শ্রীক্ষিতীশ চন্দ্র দাস :— কোয়েশ্চান নাম্বার ১০৪।

প্রশ্ন

১) কৃষি মজুরদের সর্ব্বনিম্ন মজুরী কি মিনিমাম ওয়েজ অ্যাক্ট অনুসারে নির্দ্ধারিত আছে, যদি থাকে তবে তা কবে নির্দ্ধারিত হয়েছে এবং কি হারে নির্দ্ধারিত হয়েছে?

২) ইতিমধ্যে দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে শতকরা কত ভাগ?

৩) কৃষি মজুরদের সর্ব্বনিম্ন মজুরী পুনর্নির্দ্ধারণের বিলম্বের কারণ কি?

উত্তর

১) হ্যাঁ, ১৯৫৩ ইং সালে নির্দ্ধারিত হইয়াছে এবং ১৯৬১ ইং সালে পুন নির্দ্ধারিত হইয়াছে। (সংশ্লিষ্ট গেজেট প্রতিলিপি এতৎ সঙ্গে দেওয়া হইল)।

২) কৃষি মজুরদের জন্য কর্ত্তৃক সংগৃহীত সর্ব্বভারতীয় মুল্য সূচী নিম্নে দেওয়া গেল।
জুন, ১৯৬১= ১০০ ভিত্তিতে= ১৯৭৪ সালের অক্টোবর পর্য্যন্ত—৩৮৫

৩) মজুরী পুণ নির্দ্ধারণের জন্য ১৯৭২ ইং সালে গঠিত কমিটি তাহাদের প্রতিবেদন সুপারিশসহ সরকারের নিকট পেশ করিয়াছেন। তাহা সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীঅমরেন্দ্র শর্ম্মা — মাননীয় মন্ত্রী মহাশয় কৃষকের মজুরীর বিভিন্ন ওয়েজের কথা এখানে বলেছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বর্ত্তমানে দ্রব্যমুল্য কিভাবে বৃদ্ধি পাচ্ছে। তাহলে দ্রব্যমূল্য বৃদ্ধির অনুপাতে কেন করা হল না? তা মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের বলবেন কি?

শ্রীক্ষিতীশ চন্দ্র দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি তো আগেই বলেছি যে এর জন্য কমিটি গঠন করা হয়েছে। সেই কমিটির প্রতিবেদন আমরা পেয়েছে। এখন সেটা সরকারের বিবেচনাধীন আছে।

মিঃ স্পীকার :— গুনপদ জমাতিয়া, পূর্ণমোহন ত্রিপুরা, তাপস দে।

মিঃ স্পীকার :— শ্রীপূর্ণমোহন ত্রিপুরা।

শ্রীপূর্ণমোহন ত্রিপুরা :— কোয়েশ্চান নাম্বার ২৫৮।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— কোয়েশ্চান নাম্বার ২৫৮।

প্রশ্ন

১) ত্রিপুরার গ্রামগুলির বাজার সমূহের উন্নতির জন্য ১৯৭৪-৭৫ সালে মোট কত টাকা বরাদ্দ ছিল এবং তা থেকে কোন বাজারের জন্য কত টাকা খরচ করা হয়েছে,

এবং

২) যদি কোন বরাদ্দ না থেকে থাকে তার কারণ কি?

উত্তর

১) ত্রিপুরার গ্রামগুলির বাজার সমূহের উন্নয়নের জন্য কোন টাকা বরাদ্দ নাই তবে ত্রিপুরার কয়েকটি ইম্পরটেন্ট বাজারের উন্নতির জন্য ১৯৭৪-৭৫ সালে ১,৫০,০০০ টাকার বরাদ্দ আছে। তা থেকে কত টাকা মঞ্জুর করা হইয়াছে। তার বাজার ভিত্তিক হিসাব নিম্নে দেওয়া গেল —

বাজারের নাম	মঞ্জুরী কৃত টাকার পরিমাণ।
উদয়পুর বাজার	২৪,০০০.০০
কালাছড়া বাজার সাক্রম	২৩,০০০.০০
হরিণা বাজার সাবরুম	২৩,০০০.০০
চড়িলাম বাজার জিরানীয়া বাজার মেলাঘর বাজার	৪০,০০.০০
কমলপুর বাজার	৩১,০০০.০০
তিল থৈ এবং শনিছড়া	৫০০.০০
ডলু গাঁও কাঠালছড়া ছামনু জলাই	৩,৭০০

২) প্রশ্নের ১নং আইটেমের পরিপ্রেক্ষিতে প্রশ্ন উঠে না।

মিঃ স্পীকার :— শ্রীতাপস দে।

শ্রীতাপস দে :— ৩০৮।

শ্রীশৈলেশ চন্দ্র সোম — কোয়েশ্চান নাম্বার ৩০৮।

প্রশ্ন

১) ত্রিপুরাতে মানিলেণ্ডারস অ্যাক্ট অনুযায়ী এ পর্য্যন্ত মোট কতটা ল্যান্ডিং কেস হয়েছে এবং মানি ল্যান্ডিং অ্যাক্ট তদারকীর জন্য কোথায় কতজন অফিসার নিযুক্ত করা হইয়াছে ?

১) এ পর্য্যন্ত মোট ২৫টি লাইসেন্স ইস্যু করা হইয়াছে। মানি লেণ্ডার্স অ্যাক্ট অনুযায়ী তদারকির জন্য প্রত্যেক মহকুমার মহকুমা শাসক এসিষ্টেন্ট রেজিষ্ট্রার হিসাবে কার্য্য করেন। রেভিনিউ ইন্সপেক্টারগণকেও এই আইন অনুসারে কার্য্য করার জন্য অথরাইজ করা হইয়াছে। জুডিসিয়্যাল সেক্রেটারী রেজিষ্ট্রার জেনারেল অব মানি ল্যাণ্ডার্স হিসাবে কাজ করেন। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এবং কালেক্টারগণকে উক্ত আইনের লাইসেনসিং অথরিটি বলিয়া ঘোষণা করা হইয়াছে।

শ্রীতাপস দে :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রশ্নটা ছিল অবৈধ। কিন্তু এখানে উঠেছে বৈধ। তাই আমার প্রশ্নটা সঠিক উত্তর পেলাম না।

মিঃ স্পীকার — অরিজিন্যাল কোয়েশ্চানটা সাবমিট করবেন আমার কাছে।

মিঃ স্পীকার — শ্রীঅজয় বিশ্বাস, আচাইচি মগ, শ্রীবুলু কুকী

শ্রীবুলু কুকী :—কোয়েশ্চান নাম্বার ২৯৯।

শ্রীশৈলেশ চন্দ্র সোম —কোয়েশ্চান নাম্বার ২৯৯।

প্রশ্ন

১। বর্ত্তমান উপজাতিদের ঘর চুক্তি খাজনার হার কি ?

২। ইহা রহিত করা সম্পর্কে সরকারের পরিকল্পনা আছে কি ? এবং

৩। না থাকিলে তাহার কারণ ?

উত্তর

১। থানা প্রতি ২.৭৫ টাকা হইতে ৮.০০ টাকা।

২। না।

৩। জুমিয়া পার্বত্য প্রজাদের জুম ক্ষেত্রের জন্য ঘর চুক্তি ব্যতীত অন্য কোন ভূমি রাজস্ব দিতে হয় না। এমতাবস্থায় ঘর চুক্তি রহিত করার প্রশ্ন উঠে না।

শ্রীবুলু কুকী :—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে পারবেন যে ঘর চুক্তি খাজনার হার আগে কত ছিল ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ঘর চুক্তি খাজনার হার যেটা মহারাজার আমল থেকে চালু ছিল সেটাই চালু আছে।

শ্রীসুধন্ব দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে সমস্ত জুমিয়া পুনর্ব্বাসন পেয়েছে তাদের কাছ থেকে এখনও খাজনা নেওয়া হয় কিনা কিংবা তারা ঘর চুক্তি খাজনা দিয়ে থাকে ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে সমস্ত জুমিয়ারা পুনর্ব্বাসন পেয়েছে তাদের এখন আর জুমিয়া বলিয়া গণ্য করা হয় না।

শ্রীসুধন্ব দেববর্ম্মা :—যারা জুমিয়া পুনর্ব্বাসন পেয়েছে তারা আর এখন জুমিয়া নয় ? তাহলে তারা এখন কি দেয়া এটা আমি জানতে চাই ?

শ্রীঅনন্তহরি জমাতিয়া —মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রশ্ন হল ২.৭৫ টাকা থেকে ৮.০০ টাকা। এই তারতম্যের কারণ কি ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, পূব থেকেই এই শ্রেণী বিভাগ সম্প্রদায় হিসাবে করা ছিল ?

শ্রীঅনন্তহরি জমাতিয়া :—কোন্ সম্প্রদায়ের কাছ থেকে কত করে ঘর চুক্তি খাজনা নেওয়া হয় সেটা কি মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম —বংসু দফা, থানার সংখ্যা ৯, থানা প্রতি বর্ত্তমান হার ৩.৫০ টাকা। থানা প্রতি পরিবর্ত্তিত হার ১.৫০ টাকা। সেটা মহারাজার আমলের কথা আমি বলছি। আইমনদফা থানার সংখ্যা ৭, থানা প্রতি হার ৩.৫০ টাকা, পরিবর্ত্তিত হার ৩.৫০ টাকা। বারোফং দফা, থানার সংখ্যা ১০, ১ টাকা পরবর্ত্তী সময়ে ৩.৫০ টাকা, কাইফং দফা, থানার সংখ্যা ৬৮ বর্ত্তমান হার ৩.৫০ টাকা এবং পরবর্ত্তী সময়েও ৩.৫০ টাকা চালু আছে। কলু দফা, ২১ থানার সংখ্যা, থানা প্রতি হার ৩.৫০ টাকা ৩.৫০ টাকা, দাফলা কুকী ১৩ দফা থানার ১৩, দফা প্রতি চুক্তি ৩.৫০ টাকা। কবুনী দফা ২৭ থানার সংখ্যা, ৩.৫০ টাকা ৩.৫০ টাকা, রাঙ্কল দফা থানার সংখ্যা ৫৪, ৩.৫০, টাকা ৩.৫০ টাকা, ককবং দফা থানার সংখ্যা ৬, ৩.৫০ টাকা ৩.৫০ টাকা। গুরচং দফা থানার সংখ্যা ১৮৮, ৩.৫০ টাকা ৩.৫০ টাকা দমু দফা থানার সংখ্যা ৩৭, ৩.৫০ টাকা, ৩.৫০ টাকা, জমাতিয়া দফা, ৬৭০ এর ৩ (৬৭০/৩) ৬৭৩ থানার এবং সেটা ৩.৫০ টাকা থেকে ৪ টাকা, ৩.৫০ টাকা থেকে ৪ টাকা, ৩ এ ছিল ৪ টাকা ৪ টাকা, ৩৭০ এ ৩.৫০ টাকা ৩.৫০ টাকা, মর্দ্দন দফা থানার সংখ্যা ১২, ৩.৫০ টাকা ৩.৫০ টাকা, হালং দফা, থানার সংখ্যা ৪৭ এবং পরবর্ত্তী সময়ে ৩২৭ থানার সংখ্যা ৪০৪, ২.৭৫ টাকা এবং ৩.৫০ টাকা, কুকী দফা, থানার সংখ্যা ৫১ এবং ৩৫ মোট ৮৬, ৩.৫০ টাকা ৩.৫০ টাকা, ৫১ দফা এবং ৫০ দফায়, ৪.৫০ টাকা ৪.৫০ টাকা।

শ্রীবুলু কুকী :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে এই উপজাতিদের যে ঘর চুক্তি খাজনার ব্যাপারে ১৯৬৪-৬৫ সালে একটি বিল বিধান সভায় উত্থাপিত হয় এবং সেটা পাশ হয়। তাতে এই উপজাতিদের যে ঘর চুক্তি খাজনা কমানো যায় কি একটা বিল যে এই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৬৪-৬৫ সালে একটা আইন এখানে পাশ হয়েছিল। কিন্তু বর্ত্তমান ভূমি রাজস্ব আইনের সাথে তার সামঞ্জস্য রক্ষা হওয়ায় এটা প্রয়োগ করা হয় নাই।

শ্রীসুনীল চন্দ্র দত্ত —মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন যে জুমিয়ারা খাজনা দেয় না। জুম করার জন্য তাদের কাছ থেকে একটা চুক্তি খাজনা দেওয়া হয়। জুম করার জন্য যে খাজনা নেওয়া হয় তার জন্য কি কোন নির্দিষ্ট করা আছে, এখানে এই ত্রিপুরা রাজ্যে ? প্রতি মহকুমায় নির্দিষ্ট আছে কি না ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—প্রশ্নটা যদি পৃথক ভাবে করা হয় তাহলে জবাব দেওয়া হবে। কারণ প্রশ্নটা এটার সাথে নয়।

মিঃ স্পীকার :—শ্রীভদ্রমনি দেববর্মা।

শ্রীভদ্রমনি দেববর্ম্মা :—৩০৭।

শ্রীশৈলেশ চন্দ্র সোম —কোয়েশ্চান নাম্বার ৩০৭।

প্রশ্ন

১। আগরতলা শহরে ল্যাণ্ড হোল্ডারদের জমির রাজস্ব কোন্ বছর থেকে আদায় করা হয় না এবং কেন আদায় করা হয় না ?

২। আগরতলা শহরের ভূমি রাজস্বের হার (টেবিল অব রেভিনিউ রেট) স্থির হয়েছে কি ?

৩। যদি হয়ে থাকে, মোট রাজস্বের পরিমাণ ১৯৭৪ পর্য্যন্ত কত ?

উত্তর

১। সার্ভে অ্যাণ্ড সেটেলম্যাণ্ট অপারেশনের দরুণ গত ১৩৭১ বাংলা সন হইতে।

২। হ্যাঁ।

৩। ২,০৬,৬৯৪,৭২ টাকা।

মিঃ স্পীকার :—শ্রীমধুসূদন দাস।

শ্রীমধুসূদন দাস :—৩১৭।

শ্রীশৈলেশ চন্দ্র সোম —কোয়েশ্চন নাম্বার ৩১৭।

প্রশ্ন

১। ত্রিপুরা সরকারের অবাঙ্গালী অফিসারদের বাংলা শিক্ষা দেওয়ার জন্য যে কেন্দ্র খোলা হইয়াছিল, সে কেন্দ্রে কতজন শিক্ষক ছিলেন এবং তাঁদের নাম কি ?

২। সেই শিক্ষা কেন্দ্রে প্রত্যহ অবাঙ্গালী অফিসার ছাত্র সংখ্যা কত ?

৩। ইহা কি সত্য যে ঐ শিক্ষা কেন্দ্রে কোন কোন দিন উপস্থিতির সংখ্যা একেবারে শূন্য ? যদি সত্য হইয়া থাকে, তবে ইহার কারণ কি ?

১। একজন মাত্র শিক্ষক। তাঁহার নাম শ্রীআর, বর্ম্মণ। তিনি আগরতলাস্থিত বি, টি, (এস, টি, টি) কলেজের শিক্ষক।

২। ৫ (পাঁচ) জন অবশ্য তাঁহারা কোন কোন দিন উপস্থিত হয় নাই।

৩। হ্যাঁ। কারণ ঐ সকল অফিসার সরকারের অত্যন্ত দায়িত্বশীল পদে অধিষ্ঠিত আছেন এবং

এই জন্য মাঝে মাঝে অফিসে তাঁহাদের উপস্থিতি অপরিহার্য্য হইয়া পড়ে। অন্যথায় ইহাতে জনস্বার্থের হানি ঘটে। বিশেষত অফিস ছুটির অব্যবহিত পরেই ঠিক সন্ধ্যা ৫ টায় শিক্ষণ কেন্দ্রের কাজ শুরু হয়। ইহা অনস্বীকার্য্য যে অনেক অফিসারের পক্ষেই ৫ টার সময় অফিসের কাজ ফেলিয়া যাওয়া সম্ভব নহে।

শ্রীমধু সূদন দাস :—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই এই শিক্ষণ কেন্দ্র খোলার পর হইতে আজ পর্যান্ত সেখানে কত টাকা খরচ করা হইয়াছে?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা মাত্র তিন মাসের জন্য একটা ব্যবস্থা ছিল। এই তিন মাসের জন্য তাঁকে কোন বেতন না দিয়ে মাত্র ৩০০ টাকা অনারেরিয়াম দেওয়া হয়।

শ্রীমধুসূদন দাস :—যে সমস্ত অফিসাররা বাংলা শিখতে গিয়েছিলেন তাদের মধ্যে কতজন পাশ করেছেন?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটাতে কোন পরীক্ষা নেওয়া হয় নাই। তাই পাশের কোন প্রশ্ন এখানে আসে না।

শ্রীমধুসূদন দাস :—এই জন্য কি কোন পাশ পরীক্ষা নেওয়া হয়?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই শিক্ষা কেন্দ্রে মাত্র ৩ মাস ক্লাশ হয়েছে। তার জন্য অবশ্য কোন পরীক্ষা নেওয়া হয় নাই।

শ্রীকালীপদ ব্যানার্জী :—কোর্স তো শেষ হয়ে গেছে, ৩০০ টাকাও খরচ হয়ে গিয়েছে। কিন্তু ফল কি হল?

শ্রীশৈলেস চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ফলের কোন কথা এখানে বলতে পারব না। তবে কেহ কেহ কিছু কিছু বাংলা বলতে পারেন।

শ্রীকালীপদ ব্যানার্জী —বলতে পারেন? তাহলে তাদের সঙ্গে আপনি বাংলা কথা বলছেন? বা বলতে পারেন? বুঝতে পারেন?

শ্রীশৈলেস চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এক দুই জন পারেন।

শ্রীমধুসূদন দাস :—বাংলা শিখাটা কি বাধ্যতামূলক ছিল?

শ্রীশৈলেস চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাংলা শিখাটা বাধ্যতামূলক ছিল না।

শ্রীকালীপদ ব্যানার্জী —স্যার, এই রাজ্যের লোক। এই লোকের কথা যাতে অফিসাররা বুঝতে পারে বাংলা ভাষাটা আঞ্চলিক ভাষা। এই ভাষাটা শিখার দরকার আছে সেটা সরকার মনে করেন কি না?

শ্রীশৈলেস চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সরকার সেটা মনে করেন বলেই সেটা করা হয়েছে।

শ্রীকালীপদ ব্যানার্জী :—উনি বলেছেন বাধ্যতামূলক নয়। আই, এস, যে পরীক্ষা হয় সেই পরীক্ষার পাশের পর তাদের যে পোষ্টিং হয়। যে অঞ্চলে পোষ্টিং হয় সেই অঞ্চলের ভাষা তাদের জানতেই হয়। আমি জানি স্যার, মনিপুরে হ্যাঁ মনিপুরের গভর্ণমেন্ট বলেছেন যে আমার রাজ্যে বাইরে থেকে যে সমস্ত আই, এস, আই, সি, এস, অফিসাররা আসবেন তারা

যদি মনিপুরী ভাষা না জানেন তাহলে তাদের এই রাজ্য ছেড়ে চলে যেতে হবে। তাহলে কি আমরা এটাই বুঝব মনিপুর গভঃ যাদের পাঠিয়ে দিয়েছেন তাদেরই আমাদের রাজ্যে দেওয়া হয়েছে ?

শ্রীশৈলেস চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মনিপুরের প্রশ্নের জবাব আমি দিতে পারব না। তবে এখানকার সব জায়গারই আঞ্চলিক ভাষা যাতে সবাই বুঝতে পারে, কাজের যাতে সুবিধা হয় এই জন্য এই ব্যবস্থা গ্রহন করা হয়েছে। তবে চাকুরীর সর্ত্ত হিসাবে এটা বাধ্যতামূলক নয় যে অফিসারকে বাংলা ভাষাটা শিখতেই হবে।

শ্রীকালীপদ ব্যানার্জী উনি বলছেন যে চাকুরীর সর্ত্ত হিসাবে এটা বাধ্যতামূলক নয়। কিন্তু এই রাজ্যের সাধারণ লোকের কথা যদি অফিসাররা বুঝতে না পারেন তাহলে কার্য্য চলবে কি করে ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তারই জন্য সরকার বাংলা শিখার ব্যবস্থা করেছেন। কিন্তু বাইরের অফিসার যারা এখানে কার্য্যে নিযুক্ত রয়েছেন তাদের চাকুরীর সর্ত্তের ক্ষেত্রে এটা বাধ্যতামূলক নয়।

শ্রীঅমরেন্দ্র শর্ম্মা :—স্যার, এইরকম অনেক অফিসার আছেন এরা বাংলা বলতে পারেন না। ত্রিপুরার জনসাধারণ যারা তাদের কাছে যায় তারা না বুঝে ইংরেজী না বুঝে হিন্দী। এমনি অবস্থাটাই হয়েছে স্যার। সুতরাং চাকুরীর ক্ষেত্রে ত্রিপুরা রাজ্যের অফিসারদের বাংলা শিক্ষার দরকার আছে সেটা মাননীয় মন্ত্রী মহোদয় স্বীকার করেন কি ,

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্বীকার করা হয় বলেই এটা চালু করা হয়েছে। এই প্রশ্ন এখানে কেন আসে তা আমি বুঝতে পারি না।

শ্রীকালীপদ ব্যানার্জী :—উনি বলছেন যে শিক্ষার কোন প্রয়োজন নেই ? তাহলে স্কুলটা কেন ৩ মাসের জন্য চালু করা হল ? উনি বলবেন কি ? পরিষ্কার করে উনাকে বলতে হবে স্যার ? উনি বলেছেন যে বাধ্যতামূলক নয়। বাইরের অফিসারদের যদি ত্রিপুরা রাজ্যে থাকতে হয় তাহলে প্রচলিত যে ভাষা সেই ভাষাটাকে জানতে হবে ? এটা ঠিক কি না ? মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন যে মনিপুরের কথা উনি বলতে পারবেন না। মনিপুর ত্রিপুরা নিয়ে কি ক্যাডার সৃষ্টি হয় নাই ? মনিপুর এবং ত্রিপুরায় ক্যাডার সৃষ্টি হয়েছে। সেই ক্যাডারের মধ্যে কি কি আছে সেটা কি উনি জানেন না ? সেটা আমাদের কাছে জানাতে হবে ? আমাদের কাছে রাখতে হবে ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এম, টি, ক্যাডারের প্রশ্ন যেটা উঠেছে সেটা আমি মনে করি সেপারেট কোয়েশ্চান হবে ? সেপারেট করে কোয়েশ্চান করা হলে পরে আমি জানাতে পারি। এবং তখনই আমি জবার দেব।

শ্রীকালীপদ ব্যানার্জী :—আপনি সেটা বলতে পারেন না। সেটা সেপারেট কোয়েশ্চান হবে কি হবে না ? আপনি কি করে সেটা মনে করেন যে সেপারেট কোয়োশ্চান হবে ? মাননীয় স্পীকার স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই ,এই জন্যে আমি এই কথা বলতে চাই এইখানে যে বিষয়টা এসেছে যে বাইরের অফিসাররা বাংলায় কথা বলতে পারেন কি না, কিংবা

বুঝতে পারেন কি না ? স্যার, যে অঞ্চল থেকে অফিসাররা এখানে এসেছেন তারা যদি সেই অঞ্চলেই চাকুরী করিতেন তাহলে কোন অসুবিধা তাদের হত না। স্যার, এখানে তাদের অসুবিধা হয় সেটা আমরা জানি। এমন অনেক অফিসারের সঙ্গে আমার আলোচনা হয়েছে তারা যে অঞ্চলে চাকুরী করছেন সেই অঞ্চলের ভাষা শিখতে চান ,বুঝতে চান। তারা শিখার জন্য সচেষ্ট হয়েছেন। কিন্তু মাননীয় মন্ত্রী মহোদয় যে জবাব দিয়েছেন এই জবাব যদি সত্য হয় তাহলে অফিসারদের প্রতি তাঁরা অবিচার করছেন ? অফিসাররা আমাকে বলেছেন যে বাংলা ভাষা আমরা শিখতে চাই। আর উনি বলেছেন যে বাধ্যতামূলক নয়। বাধ্যতামূলক আবার কি ? এখানে চাকুরী করতে এসে এখানকার লোকের সঙ্গে কথা বলা, মানে বাংলায় কথা বলা যাবে না এটা কি বলছেন উনি ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে কথাটা বলেছি সেটা অত্যন্ত স্পষ্ট যে প্রয়োজন রয়েছে আর তারই জন্য আমরা এটা করেছি। কিন্তু তার জন্য আমরা তাদের ফোর্স করতে পারি না যে তোমাদের শিখতেই হবে।

শ্রীসুশীল রঞ্জন সাহা :—মাননীয় মন্ত্রী মহাশয় কি জবাব দেবেন যে মাননীয় মুখ্যমন্ত্রী ৬ মাসের মধ্যে বাংলা ভাষা শিখতে হবে অবাঙ্গালী অফিসারদের এই রকম কোন সার্কুলার দিয়েছিলেন কি না ?

শ্রীশৈলেস চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাংলা ভাষা শিখবার প্রয়োজন আছে বলেই সরকার অফিসারদের জন্য বাংলা ভাষা শিখবার ব্যবস্থা চালু করেছিলেন। তবে কোন সার্কুলার দিয়েছিলেন কি না এটা আমি জানি না।

শ্রীসুশীল রঞ্জন সাহা :—যদি এই রকম কোন সার্কুলার এখানে দিয়ে থাকেন তাহলে সেই সার্কুলারের ফলশ্রুতি কি ? একটা সার্কুলার দিয়েছিলেন মাননীয় মুখ্যমন্ত্রী সেটা চালু হবে না ? হোয়াট ইজ দিস ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সার্কুলার দেওয়া হয়েছিল কি না সেটা আমি সঠিক বলতে পারব না। তবে আমি এইটুকু বলতে পারি যে সরকার চান যে অফিসাররা বাংলা ভাষা জানুন আর সেই জন্যই বাংলা ভাষা শিক্ষা দেবার ব্যবস্থাটা চালু করা হয়। এখানে এই বিষয়ে সরকার সচেষ্ট রয়েছেন।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার —মাননীয় মন্ত্রী মহোদয়ের জবাব থেকে আমরা বুঝতে পারলাম যে বাংলা ভাষা শিখবার জন্য বাইরের অফিসারদের এই রকম কোন বাধ্যতামূলক কিছু নেই। কিন্তু তবু তাঁরা চেষ্টা করছেন। তবে এখানে এই যে চেষ্টা চরিত্র আছে কিন্তু অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে বাংলা ভাষা শিখতে হবে ৬ মাসের মধ্যে। তাহলে দেখা যায় মুখ্যমন্ত্রীর কথার সঙ্গে মন্ত্রী মহোদয়ের কথার ফারাক রয়ে গেছে। সরকার কি এই রকম চাইছেন আর মন্ত্রী মশাই কি আর এক রকম চাইছেন নাকি ? তিনি কি বলেছেন সেটা আমাদের বুঝতে হবে। সরকার চান যে বাংলা ভাষা শিখতে হবে ৬ মাসের মধ্যে, এর জন্য একটা সার্কুলারও দিয়েছেন। তাহলে উনি বলছেন যে এটা বাধ্যতামূলক নয় এটা কি কথা ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, দরকার নাই এই কথা এখানে বলা হয় নাই।

মিঃ স্পীকার —শ্রী সুশীল রঞ্জন সাহা।

শ্রীসুশীল রঞ্জন সাহা :—৩২৩।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—কোয়েশ্চান নাম্বার ৩২৩।

প্রশ্ন

১। ১৯৭৪-৭৫ সালে অমরপুরে পুনর্ব্বাসন প্রার্থী কত জুমিয়া ও ভূমিহীনদের দরখাস্ত সরকার পাইয়াছেন?

২। এবং উক্ত দরখাস্তকারীদের মধ্যে কতজন জুমিয়া'ক পুনবাসন এবং কতজন ভূমিহীনকে ভূমিদান করিয়াছেন?

৪। উক্ত কাজ দ্রুত সম্পন্ন না হওয়ার কারণ কি?

উত্তর

১। ৩২৫২ খানা।

২। ১২০০ জনকে।

৩। অবশিষ্ট দরখাস্তগুলি তদন্তাধীন আছে।

শ্রীসুশীল রঞ্জন সাহা :—মাননীয় স্পীকার স্যার, আমার এখানে অন্য প্রশ্ন ছিল। আমার প্রশ্ন ছিল কতজন দরখাস্তকারীদের মধ্যে কতজন জুমিয়াকে পুনবাসন, এবং কত ভূমিহীনকে ভূমিদান করেছেন মাননীয় মন্ত্রী মহাশয় কি বলেছেন সেটা আমি বুঝতে পারি নাই।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলেছি যে এর মোট পরিমাণ ১২০০ জন।

শ্রীসুশীল রঞ্জন সাহা :—এই ১২০০ জনকে সরকার ভূমিদান করেছেন ১৯৭৪-৭৫ সালে?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলেছি যে ১২০০ পরিবারকে বসত এবং চাষের জায়গা দেওয়া হয়েছে।

শ্রীসুশীল রঞ্জন সাহা :—মাননীয় স্পীকার স্যার, ১২০০ জনকে জায়গা দিয়াছেন। এটা কি ভিত্তিতে জায়গা দেওয়া হয়েছে তার কি ভাবে জায়গা নিয়েছে, এই জায়গাতে কি করবে এর সঙ্গে কি কোন নিয়ম কানুন আছে?

শ্রীশৈলেশ চন্দ্র সোম — মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাদের মধ্যে কাউকে কাউকে বসতের জায়গা দেওয়া হয়েছে আবার কাউকে কাউকে চাষের জায়গা দেওয়া হয়েছে।

শ্রীসুধন্ব দেব বর্ম্মা :—আমি এখানে দেখলাম যে জুমিরা পুনর্বাসন দেওয়া হয়েছে। এটা কি জুমিয়া কলোনী হিসাবে দেওয়া হয়েছে না কি? এবং কোথায় কোথায় দেওয়া হয়েছে? সেই জায়গার নামগুলি কি মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারবেন এখানে?

শ্রীশৈলেস চন্দ্র সোম :— মাননীয় অধ্যক্ষ মাহাদয়, এই ১২০০ পরিবারের যাদের দেওয়া হয়েছে এরা আদিবাসী তাদের বসত হিসাবে জায়গা দেওয়া হয়েছে ১০ গণ্ডা আর চাষের জায়গা দেওয়া ২ একর করে।

মিঃ স্পীকার :—কোথায় দেওয়া হয়েছে?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে আমার কাছে কোন তথ্য নেই। তাই আমি এখন বলতে পারব না। এই সম্পর্কে আর একটা প্রশ্ন আছে। সেই প্রশ্নটা আলোচনার সময় আমি এই ব্যাপারে বলব।

শ্রী সুশীল রঞ্জন সাহা :—মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় যে জবাব দিয়েছেন তা স্যার, আমি আমার প্রশ্নটা আর একটু ক্লীয়ার করে নিচ্ছি। এর মধ্যে যারা জুম থেকে উচ্ছেদ হয়েছে তাদেরও কি এই লিষ্টে উল্লেখ করা হয়েছে? এই লিষ্টের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে? না কি যারা যারা দরখাস্ত করেছে তাদের মধ্যে ১২০০ জনকে দেওয়া হয়েছে? যদি ১২০০ জনকে দিয়ে থাকেন আমার প্রশ্ন ছিল এই এর মধ্যে কতজন জুমিয়া পুনর্বাসন পেয়েছে। আর কতজন ভূমিহীন ভূমি পেয়েছে। যদি পুনর্ব্বাসন পেয়ে থাকে তাহলে পুনর্বাসন পেতে হলে এবং দিতে হলে সরকারের নিয়ম কানুন আছে সেগুলি পালন করা হয়েছে কি না?

শ্রী শৈলেশ চন্দ্র সোম —মাননীয় অধ্যক্ষ মহোদয়, তার সব ক্ষেত্রে সেই নিয়ম পালন হয় নাই। যেই জন্যে এ্যালটমেন্ট হওয়ার পরে যে টাকা দেওয়ার কথা সেই টাকাটা এখনও দেওয়া হয় নাই। জায়গা বসত তাদের দেওয়া হয়েছে।

শ্রীসুশীল রঞ্জন সাহা :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে ১২০০ জন লোকের মধ্যে কতজনকে পুনর্ব্বাসন দেওয়া হয়েছে?

শ্রী শৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই ১২০০ জনকেই বসত এবং চাষের জায়গা দেওয়া হয়েছে তাদের পুনর্বাসনের জন্য যে টাকাটা সেই টাকাটা জুমিয়া পুনর্ব্বাসনের পর তাদের দেওয়া হয়।

মিঃ স্পীকার :—শ্রীজিতেন্দ্র লাল দাস।

শ্রী জিতেন্দ্র লাল দাস :—৩৮৮।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—৩৮৮ স্যার।

প্রশ্ন

১। ত্রিপুরা রাজ্যের ভূমি সংস্কার আইনে নির্দ্ধারিত ভূমির উচ্চতম সীমার উপরস্থ জমি সরকার দখল করত: ক্ষেত মজুর ও গরীব চাষীদের মধ্যে বন্টন করার জন্য কি কি ব্যবস্থা এ পর্য্যন্ত ত্রিপুরা সরকার গ্রহণ করেছেন?

২। উচ্চতম সীমার উপর ক্ষেত মজুর ও গরীব চাষীদের নিকট বন্টন যোগ্য জমির মোট পরিমাণ কত?

উত্তর

১। দ্বিতীয় সংশোধনীর পূর্ব্বে ১৯৬০ ইং সনের ত্রিপুরা ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার আইনের যে বিধান ছিল, সেই বিধানানুসারে যে সকল ঊর্দ্ধ সীমার অতিরিক্ত ভূমি এ পর্য্যন্ত দখল নেওয়া হয়েছে তাহা ১৯৬২ সালের এ্যালটমেন্ট রুলস অনুসারে ভূমিহীনদের মধ্যে বন্টনের জন্য যথারীতি ব্যবস্থা নেওয়া হয়েছে।

২। উর্দ্ধসীমার আওতার মধ্যে যে সকল কেস পরিয়াছে সেই সকল কেসের সিদ্ধান্ত না হওয়া পর্য্যন্ত উর্দ্ধসীমার অতিরিক্ত মোট ভূমি কত তাহা নির্দ্ধারণ করা সম্ভব নয়।

শ্রীতাপস দে :—মাননীয় স্পীকার স্যার, কি পরিমাণ জমি শিলিংয়ের বাইরে কত জমি আছে সেটা হিসাব মাননীয় মন্ত্রী মহাশয় দেন নাই। এবং দিলেও হিসাবটা আমি শুনি নাই। এই জমি ভূমিহীনদের মধ্যে বন্টন করার জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছে। আমার প্রশ্নটা হল এই জমি ভূমিহীন কৃষক এবং ক্ষেত মজুর অর্থাৎ কম জমিওয়ালা কৃষক তাদের মধ্যে বন্টন করার জন্য সরকার কি ব্যবস্থা করছেন ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম —মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে সমস্ত জমি রয়েছে সেটা ভূমিহীন যারা আছে তাদের মধ্যে কোথায় কোথায় বন্টন করা হয়েছে সেটা পূর্ব্বেই এটার প্রশ্নের উত্তরে বলা হয়েছে। এখন পর্য্যন্ত আইন অনুযায়ী যে সমস্ত কেস রয়েছে সেগুলির জন্য সরকারের হাতে না আসা পর্য্যন্ত এটা বলা সম্ভব নয়। যে সমস্ত জমি এসেছে তা ভূমিহীনদের পুনর্বাসনের জন্য প্রচলিত আইন অনুসারে সেটা নেওয়া হয়েছে।

জিতেন্দ্র লাল দাস —পার্লামেন্টারী স্যার, ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বন্টনের ব্যাপারে সরকার কোন কমিটি গঠন করেছেন কিনা ? যার মধ্যে ভূমিহীন কৃষকের রিপ্রেজেন্টেশান থাকবে ? এই ধরণের কোন কমিটি করে ভূমিহীন কৃষকের মধ্যে জমি বন্টন করার ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা এই ভূমি বন্টন করার মধ্যে আছে কি না ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম —নাই।

শ্রীঅমরেন্দ্র শর্ম্মা :—তাহলে আইন পাশ হবার পর শিলিং লিমিটের উর্দ্ধে ত্রিপুরায় কত জন লোকের জমি আছে সে সম্পর্কে কোন হিসাব মাননীয় মন্ত্রী মহোদয় দিতে পারবেন কি ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম — মাননীয় অধ্যক্ষ মহোদয় ল্যাণ্ড রিফর্ম অ্যাণ্ড ল্যাণ্ড রেভিনিউ অ্যাক্ট অনুযায়ী ১৯৬০ যে আইন তাতে আজ পর্য্যন্ত ১৯২ ৮৮ একর জমি সরকারের হাতে এসেছে ?

শ্রীঅমরেন্দ্র শর্ম্মা :—আমার হিসাবটা তো পাচ্ছি না স্যার।

শ্রীশৈলেশ চন্দ্র সোম —মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে হিসাবগুলি আসেনি সেগুলি কি করে দেওয়া যাবে ডিসপুট ওয়াইজে।

শ্রীঅমরেন্দ্র শর্ম্মা :—এমন জমি কি আছে যেটা সরকারের হিসাবের বাইরে অথচ শিলিং লিমিটের বাইরে। এটা জানেন কি মাননীয় মন্ত্রী মহোদয় ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেটা আজ পর্য্যন্ত এই ডিসপুট শেষ হয় নাই। শেষ না হওয়া পর্য্যন্ত বলাও সম্ভব নয়।

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—সাপ্লিমেণ্টারী স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরে বলেছেন যে সিলিং লিমিটের বাইরে যে জমি পাওয়া গেছে তা ভূমিহীনদের মধ্যে বণ্টন করা হয়েছে সুতরাং কি পরিমাণ জমি পাওয়া গেছে? আর একটা কথার জবাব দিয়েছেন কেইসের জন্য কিছু জমি আটকে আছে? তাহলে মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে কেসের ফলে কি পরিমাণ জমি আটকে আছে?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কত জমি এ্যালট করা হয়েছে এবং কত জমি আছে সেটার তথ্য আমার কাছে নেই।

মিঃ স্পীকার —শ্রীঅজিত রঞ্জন ঘোষ।

শ্রীঅজিত রঞ্জন ঘোষ :—৩৩৬।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— মাননীয় স্পীকার স্যার, ৩৩৬।

প্রশ্ন

১। বর্ত্তমানে উদয়পুর মহকুমার ভূমিহীন কত পরিবার আছে, এবং

২। এই সকল ভূমিহীনদের পুনর্ব্বাসনের জন্য সরকার কোন পরিকল্পনা করেছেন কি?

উত্তর

১। ২৭০০

২। উপরোক্ত পরিবারের মধ্যে ৯৪১ টি পরিবারকে ভূমি এ্যালট করা হয়েছে।

শ্রীঅজিত রঞ্জন ঘোষ —বাকী পরিবারকে কবে পর্য্যন্ত পুনর্ব্বাসন দেওয়া হবে?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেটা বিচার বিবেচনাধীন আছে সুতরাং নির্দিষ্ট তারিখ বলা সম্ভব নয়।

শ্রীযতীন্দ্রকুমার মজুমদার :—স্যার সারা উদয়পুর সাবডিভিশনে সেটা কি করে সরকার জানলেন যে মাত্র ২৭০০ জন পরিবার আছে। কিসের মাধ্যমে জানলেন? সার্ভে করা হয়েছে? গভর্ণমেন্ট থেকে সার্ভে করে কি সংখ্যা নির্দ্ধারণ করা হয়েছে? নাকি দরখাস্ত দেখেই ধরে নিয়েছেন যে আর কেউ নেই?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেটা দরখাস্তের ভিত্তিতেই করা হয়েছে?

শ্রীতাপস দে :—প্রশ্নটা হচ্ছে যে বর্ত্তমানে উদয়পুরে মোট ভূমিহীন কত পরিবার আছে? মাননীয় মন্ত্রী মহাশয় যে সংখ্যা দিলেন সেটা নাকি দরখাস্তের ভিত্তিতে বলেছেন? কিন্তু যারা দরখাস্ত করে নাই তাহলে তো স্যার, সেটার উত্তর হলো না। সরকার কি বলতে চান যে কত ভূমিহীন আছে। যারা দরখাস্ত করেছে তারাই শুধু ভূমিহীন হবেন তাহলে তো প্রশ্নের উত্তর হল না? এই পরিমাণ দরখাস্ত পাওয়া গেছে সেটা তো তিনি বলতে পারতেন? কারণ তাঁরা তো দরখাস্ত আহ্বানও করেন নি কিংবা সার্ভেও করেন নি? সুতরাং উত্তর তো হল না।

মিঃ স্পীকার :—শ্রীঅনিল সরকার, শ্রীগোপীনাথ ত্রিপুরা।

শ্রীগোপীনাথ ত্রিপুরা :—৩৫০।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— ৩৫০।

প্রশ্ন

১) ইহা কি সত্য আগরতলা টাউন মেডিক্যাল হলে "হেওয়ার্ড কোম্পানীর" কিছু লেবেল বোতল সহ অবৈধ মদ তৈরীর কেমিক্যাল পাওয়া গিয়েছিল, এবং

২) যদি সত্য হয় এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

উত্তর

১। হাঁ।

২। ব্যাপারটি পুলিশের তদন্তাধীন আছে।

শ্রীসুশীল রঞ্জন সাহা :—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে পারেন যে তারিখটাতে এই সেখানে এই সব জিনিষ পাওয়া গিয়েছিল সেই তারিখটা কবে ছিল ? আজ থেকে কতদিন পূর্বে ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তারিখটা এখন এখানে আমার কাছে নেই।

শ্রীবিনোদ বিহারী দাস :—মাননীয় মন্ত্রী বলেছেন যে তদন্তাধীন আছে। সেটা কতদিন পর্যান্ত চলবে এই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় কি কিছু বলবেন ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, পূর্বের প্রশ্নের জবাবে আমি বলেছি যে সেই তারিখটা এখন আমার কাছে নেই। কাজেই সেটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

শ্রীবিনোদ বিহারী দাস :—তাহলে সেটা কি আবহমানকাল ধরে চলবে না কি ? সেই তদন্তটা ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম — মাননীয় অধ্যক্ষ মহোদয়, এতটা চলবে না।

মিঃ স্পীকার :—শ্রীনিরঞ্জন দেব শ্রীনরেশ চন্দ্র রায়।

শ্রীনিরঞ্জন দেব :—কোয়েশ্চান নং ৩১৯

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—৩১৯।

প্রশ্ন

১) গত ১৯৭৪-৭৫ (জানুয়ারী ৭৫) সালে আগরতলা সদর এলাকায় ব্লকগুলিতে কত পরিমাণ কম্বল ও সুয়েটার বিলি করা হইয়াছিল ?

উত্তর

১। কম্বল—৪১০, সুয়েটার—১০০

শ্রীনিরঞ্জন দেব —সাপ্লিমেন্টারী স্যার, কোন কোন ব্লকগুলিতে কত পরিমাণ কম্বল এবং সুয়েটার বিলি করা হয়েছে ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোন ব্লকে কত দেওয়া হয়েছে এই তথ্য আমার কাছে নাই।

শ্রীবিনোদ বিহারী দাস :— স্যার, যে সমস্ত কম্বল এবং সোয়েটার ব্লক ওয়াইজ বিলি করা হয়েছে সেই কম্বল এবং সুয়েটারগুলি কাদের ? সরকারের না রেড ক্রসের ?

শৈলেশ চন্দ্র সোম :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নটা আমার কাছে নাই। পরে সময় হলে আমি জানাব।

মি স্পীকার :— প্রশ্নটা নয়, উত্তরটা।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— হ্যাঁ।

শ্রীকালীপদ ব্যানার্জী :— প্রশ্নের উত্তরটা দেবার জন্য তিনি দাঁড়িয়েছেন অথচ তিনি কোন সংবাদই রাখেন না।

মিঃ স্পীকার :— হি সুড ইনফর্ম দি মেম্বার দি জিষ্ট অব দি ম্যাটার।

শ্রীনিরঞ্জন দেব :— মাননীয় মন্ত্রী মহোদয়, এখানে অসত্য তথ্য পরিবেশণ করছেন। উঁনি বলেছেন যে তিনটি ব্লক আছে সদর এলাকাতে। এবং এই তিনটা ব্লকের যে হিসাব তিনি দিয়েছেন এবং কোথায় কোথায় কত পরিমাণ কম্বল এবং সুয়েটার বিলি করা হয়েছে উঁ নি তা বলতে পারেন নি। আমি জানি স্যার, শুধু মোহনপুর ব্লকে কম্বল এবং সুয়েটার বিলি করা হয়েছে এবং জিরানীয়া ও বিশালগড ব্লকে বিলি করা হয় নাই। ইহা কি সত্য ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেহেতু আমি ব্লক ভিত্তিক উত্তর দিতে পারছি না তার জন্য আমি বলতে পারব না।

মি স্পীকার :— শ্রী নরেশ চন্দ্র রায়।

শ্রীনরেশ চন্দ্র রায় — ৩৯১।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— কোয়েশ্চান নাম্বার ৩৯১।

প্রশ্ন

১। বাংলাদেশ সংলগ্ন সীমান্তে ত্রিপুরা রাজ্যের অভ্যন্তরে (সীমান্তের দুই কিঃ মিঃ এর মধ্যে) সরকার অনুমোদিত বাজারের সংখ্যা কয়টী, এবং

২। ১৯৭২ ইং সন হইতে ১৯৭৪ ইং সন পর্য্যন্ত বাজারগুলিতে কাপড, সূতা ও বাক্সেমাল ক্রয় বিক্রয়ের জন্য কতজন ব্যবসায়ীকে সরকার লাইসেন্স প্রদান করিয়াছেন ?

উত্তর

১। এবং, ২) তথ্যাদি সংগ্রহাধীন আছে।

মি স্পীকার — শ্রীসুবল চন্দ্র বিশ্বাস।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস — কোয়েশ্চান নাম্বার ২০।

শ্রীশৈলেশ চন্দ্র সোমঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নং ২০।

প্রশ্ন

১। কুমারঘাট থেকে নিদেবী ফেরীঘাট পর্য্যন্ত রাস্তাটির কাজ শেষ করার জন্য প্রয়োজনীয় জমি দখল করার কাজ শেষ হয়েছে কি, এবং

২। ইহা কি সত্য যে জমি হস্তান্তর না করার জন্য পি, ডাব্লিউ, ডি কাজটি শেষ করতে পারছে না ?

উত্তর

১। না।

২। কুমারঘাট ফটিকরায় রাস্তার জন্য খাস করার জন্য ঘোষিত ভূমির মালিকদের মধ্যে যাহারা আপোষ মামাংসার মাধ্যমে অগ্রিম দখল ছাড়িয়া দিতে অনিচ্ছুক একমাত্র ঐ সকল ভূমি পি, ডব্ লিউ ডি কর্তৃক রাস্তা নির্মানকদের জন্য দখল নেওয়ার বাকী আছে।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস ':— সাপ্লিমেন্টারী স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি এই জমি হস্তান্তর করার জন্য সরকার কি কি ব্যবস্থা করেছেন এবং এইটা আর কত দিনের মধ্যে জমি হস্তান্তরের কাজ শেষ হবে ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম — ল্যাণ্ড অ্যাকুইজিশান অ্যাক্ট অনুযায়ী যে সমস্ত ব্যবস্থা করা দরকার সেগুলির কাজ শুরু হয়েছে।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস — মাননীয় মন্ত্রী মহোদয়, কি বলতে পারেন ল্যাণ্ড অ্যাকুইজিশান অ্যাক্ট অনুযায়ী একটা জমি হস্তান্তর করতে কতদিন সময় লাগে ?

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইটা একটা নির্দিষ্ট সময় করে বলা সম্ভব নয়।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস :— মাননায় মন্ত্রী মহোদয়, কি বলতে পারেন এই জমি হস্তান্তরের ব্যাপারে কি কোন প্রসিডিউর আছে ? কোন কোন প্রসি ডিউর-এ এই হস্তান্তর বর্ত্তায়।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ল্যাণ্ড অ্যাকুইজিশান অ্যাক্ট অনুযায়ী যেসব বিধি বিধান আছে সেই বলে এটা করা হয়।

শ্রীসুবল চন্দ্র বিশ্বাস :—মাননীয় স্পীকার স্যার, এটাতো আমি চাচ্ছি ? এখানে আমি জিজ্ঞাসা করছি কি কি আছে ?

শ্রী শৈলেশ চন্দ্র সোম :— মাননায় অধ্যক্ষ মহোদয়, সমস্তগুলি আমি বলতে পারছি না এখানে।

শ্রী সুবল চন্দ্র বিশ্বাস — মাননীয় মন্ত্রী মহোদয়, এই অ্যাসেম্বলাতে ১৯৭২ সালে এই জমি হস্তান্তর সম্পর্কে প্রশ্ন আমি তুলেছিলাম এবং তার উত্তরে বলেছিলেন যে এইটা প্রসিডিউর হচ্ছে ১৯৭২ সালের পর এখন ১৯৭৫ সালেও আজ পর্য্যন্ত এটার প্রসিডিউর হচ্ছে ? এইটা আমি জিজ্ঞাসা করতে চাই ?

শ্রী শৈলেশ চন্দ্র সোম — মাননায় অধ্যক্ষ মহোদয়, ল্যাণ্ড অ্যাকুইজিশান প্রসেসের মধ্যে কিছু সময়ের দরকার হয়।

শ্রী সুবল চন্দ্র বিশ্বাস — আমি তাই বলছি স্যার, ১৯৭২ থেকে আজ ১৯৭৫ এসে গেছে। আর কত দিন লাগবে ?

শ্রী শৈলেশ চন্দ্র সোম :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ল্যাণ্ড অ্যাকুইজিশান অ্যাক্টে যে সমস্ত বিধি বিধান আছে তাতে অনেক সময় লেগে যায়।

শ্রী সুবল চন্দ্র বিশ্বাস :— সাপ্লিমেণ্টারী স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি যে এই ধরণের যে ল্যাণ্ড অ্যাকুইজিশান হয় নাই এই ধরণের কয়জন, কত খতিয়ান বা কত জোত আছে এইটা বলতে পারেন কি? কয়জন আছে?

শ্রী শৈলেশ চন্দ্র সোম — মাননীয় অধ্যক্ষ মহোদয়,

মিঃ স্পীকার :— সেপারেট কোয়েশ্চান।

শ্রীকালীপদ ব্যানার্জী :— তারা জমি ছেড়ে দিচ্ছে না বলে এই কাজটা করতে দেরী হচ্ছে এই কথা উনি বলেছেন প্রশ্নটার উত্তরে। প্রশ্নটার উত্তরে তিনি বলেছেন যে আপোষে যারা অ্যাডভান্স যারা দেয় সীমনা অ্যাকুইজিশানে সেটা উনি বলেছেন? তবে তা উনার জানা উচিত কয়জন পাচ্ছে না?

মিঃ স্পীকার — মাননীয় মন্ত্রী নাম জানা থাকলে বলুন।

শ্রী সুবল চন্দ্র বিশ্বাস :— কয়জন আছে স্যার, তার নাম যদি বলেন তো আমরাও চেষ্টা করতে পারি স্যার?

শ্রী শৈলেশ চন্দ্র সোম — মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাদের নাম আমার কাছে নাই।

শ্রী কালীপদ ব্যানার্জী — তাহলে এই অ্যাডভান্স জমি যারা দেন নি বলে রাস্তাটা হচ্ছে না এই কথা এখানে আসে না।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে রিপোর্ট আমি এখানে পেয়েছি সেই রিপোর্টের ভিত্তিতে আমি বলছি যে সংখ্যাটা আমার জানা নাই।

শ্রীকালীপদ ব্যানার্জী :— রিপোর্টটা কি? তাহলে বুঝতে হবে চেষ্টা চরিত্র করছেন। চেষ্টা চরিত্র করছেন বলে কি কি রিপোর্ট দেওয়া হয়েছে? ওদের কি ভাবে চেষ্টা করছেন? ওদের বলা হয়েছে কি তোমরা জমি ছেড়ে দাও পরে আমরা অ্যাকুয়ার করে নেব? পরে তোমাদের টাকা দেব? এই রকম বলা হয়েছে কি?

শ্রীশৈলেশ চন্দ্র সোম — মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমে এই ভাবে চেষ্টা করা হয় এবং তারা যদি রাজী না হন তবে তাদের ক্ষেত্র ল্যাণ্ড অ্যাকুইজিশান ধারা গুলি প্রয়োগ করা হয়।

শ্রীকালীপদ ব্যানার্জী — না। না। কেউ যদি রাজী না হন তাহলে ল্যাণ্ড অ্যাকুইজিশান যদি না হয় তাহলে টাকা পাবে কি করে? ল্যাণ্ড অ্যাকুয়ার করার জন্য তারা বসে আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে পারেন? দেখছি উনি কিছুই জানেন না?

